

# কম্পিউটার বেসিক ২০০০ শর্ট নোট



একাডেমিক ও অফিস প্রকার চাকরির পরিষ্কার কম্পিউটার অংশের জন্য গুরুত্বপূর্ণ  
মতায়িকা। বোর্ড বই থেকে সংকলিত করা হয়েছে।

*Raisul Islam Mridoy*

# কম্পিউটার বেসিক ও শর্ট নোট



Raisul Islam Hridoy

ZERO TO INFINITY

## কম্পিউটারের মৌলিক ধারণাঃ-

আধুনিক বিশ্বে জ্ঞান বিজ্ঞানের একটি অবিস্মরণীয় উদ্ভাবন হলো কম্পিউটার। বর্তমান সভ্যতার এমন কোন কার্য পরিসর নেই, যেখানে সার্থকভাবে কম্পিউটারের ব্যবহার করা হয় না। প্রগতিশীল মানব জীবনের প্রত্যেকটি ধাপের সাথেই কম্পিউটার জড়িত। মানব সভ্যতার এক বিশেষ আর্শীবাদ হলো কম্পিউটার।

কম্পিউটারঃ মানব সভ্যতার চূড়ান্ত পর্বে কম্পিউটার হলো একটি অত্যাধুনিক ইলেকট্রনিক যন্ত্র বিশেষ। অর্থাৎ কম্পিউটার হলো বহুমুখী কাজের ক্ষমতা সম্পন্ন একটি ইলেকট্রনিক যন্ত্র, যার মাধ্যমে উপাত্ত গ্রহণ, বিন্যাস ও বিশেষণ করার পর ঐ উপাত্তকে ডিস্কে বা স্মৃতিতে জমা রাখা হয় প্রয়োজনে ব্যবহার করা যায় এবং ই-মেইল, ইন্টারনেট কার্য সম্পন্ন হবে। কম্পিউটার একটি ইংরেজি শব্দ। এটি গ্রীক শব্দ Compute থেকে Computer রূপে উদ্ভব হয়েছে। গ্রীক Compute অর্থ হলো গণনাকারী ইলেকট্রিক যন্ত্র। সুতরাং অর্থগতভাবে বলা যায়- সুশৃঙ্খল এবং সুসংবদ্ধ তথ্য সমন্বিত হিসেব নিকাশের ইলেকট্রিক যন্ত্র হলো Computer। মূলতঃ কম্পিউটার হলো বিদ্যুৎ চালিত একটি বহুমুখী ক্ষমতা সম্পন্ন ইলেকট্রনিক যন্ত্র যার মাধ্যমে বিশাল তথ্য ভান্ডার সংগ্রহ করে তার বিন্যাস, বিশেষণ, ব্যাখ্যা, সংযোজন, বিয়োজন করে প্রয়োজনীয় কার্যাদি সুসম্পন্ন করা হয়। ইংরেজিতে বলা যায়- Computer is a automatic problem solving machine whose main purpose is data processing or processing information and which is represented electrically. বর্তমান বিশ্বের সিভিলাইন সমাজে এর সাহায্যে কম্পোজ করা, গানশোনা, হিসাব-নিকাশ করা, ডাটা সংগ্রহ, বিন্যাস করা, প্রোগ্রাম তৈরি করা, টিভি দেখা,

সময় দেখা, ভিডিও গেইম করা, ই-মেইল এবং ইন্টারনেট ইত্যাদি কার্যক্রম যথার্থভাবে সম্পন্ন করা সম্ভব হয়েছে।

### কম্পিউটারের মৌলিক ক্ষমতা

কম্পিউটারের নিজে থেকে কোন কিছু করার ক্ষমতা নেই। এটি একটি ইলেকট্রনিক যন্ত্র বিধায় স্বয়ংক্রিয় ভাবে কতিপয় কাজ করতে পারে। তবে কম্পিউটার মানুষের মতো নয় এবং মানুষের বিকল্পও নয়। মানুষ তথা ব্যবহারকারী যেভাবে কম্পিউটারকে নির্দেশ দান করবেন সেভাবে কম্পিউটার কাজ করে থাকে। এখানে মানুষের বুদ্ধিমত্তাই হলো বড় কম্পিউটার। মানুষের সৃষ্টি হলো কম্পিউটার। ব্যবহারকারীর নির্দেশনায় কম্পিউটার কাজ করে থাকে। তথ্য ও ফলাফল স্মৃতিতে ধরে রাখে, উপাত্তের ব্যাখ্যা বিশেষণ করে এবং প্রয়োজনে পুনরায় ব্যক্ত করে। তথাপি অন্যান্য ইলেকট্রনিক যন্ত্রের চাইতে কম্পিউটারের কিছু আলাদা বিশেষত্ব আছে যাদেরকে কম্পিউটারের মৌলিক ক্ষমতা হিসেবে ধরা হয়। অর্থাৎ কম্পিউটারের মৌলিক ক্ষমতা হিসেবে নিচের দৃষ্টিভঙ্গিলোককেই বিবেচনা করা যায়। যেমন-

১. কাজের গতির দ্রুততা;
২. নির্ভুল কাজ করার ক্ষমতা;
৩. দ্রুত উপাত্ত প্রক্রিয়াকরণ ক্ষমতা;
৪. ক্লান্তিহীনতা ও প্রেরণ ক্ষমতা;
৫. বিশাল স্মৃতির ভাণ্ডার সংরক্ষণ;
৬. অনুভূতিহীন এবং নির্বোধ ইলেকট্রনিক যন্ত্র;
৭. বিশ্বায়ন প্রবণতা;
৮. তথ্যের দ্রুত বিশেষণ ও উপস্থাপন ক্ষমতা।

### কম্পিউটারের ব্যবহারিক গুরুত্ব

আমাদের দৈনন্দিন জীবনে কম্পিউটার একটি বিস্ময়কর ইলেকট্রনিক যন্ত্র হিসেবে আবির্ভূত

হয়েছে। সিভিলাইজ সমাজে জীবনের প্রত্যেক ক্ষেত্রেই কম্পিউটার ব্যবহৃত হচ্ছে। কাজেই আমাদের মানব সভ্যতার বিকাশের সাথে সাথে কম্পিউটারের ব্যবহারিক গুরুত্ব বহুগুণে বৃদ্ধি পেয়েছে। দিন দিন এর তাৎপর্যও বেড়েই চলেছে। মানব সমাজে কম্পিউটার ব্যবহারের প্রয়োজনীয়তা বা এর ব্যবহারিক গুরুত্বের কয়েকটি দিক নিম্নে আলোচনা করা হলো-

১. শিক্ষাদানের ক্ষেত্রেঃ বর্তমানে শিক্ষাক্ষেত্রে কম্পিউটারের ব্যবহার বহুগুণ বৃদ্ধি পাচ্ছে। বিশেষকরে শিক্ষা গবেষণা, শিক্ষাদান, তথ্য পরিবেশন, তথ্যাদির সংযোজন, সংরক্ষণ, প্রশংসাপত্র প্রণয়ন, মুদ্রণ, পাঠ্যপুস্তক মুদ্রণ, গোপনীয়তা রক্ষা, ই-মেইল ইন্টারনেট এ তথ্যাদির প্রেরণ ইত্যাদি ক্ষেত্রে কম্পিউটার ব্যবহৃত হচ্ছে। এতে করে শিক্ষার উন্নয়ন আরো বেশি গতিশীলতা পাচ্ছে।
২. চিকিৎসা ক্ষেত্রেঃ চিকিৎসা ক্ষেত্রে কম্পিউটারের ব্যবহার আরেক বিস্ময় সৃষ্টি করেছে। বিশেষ করে রোগের লক্ষণ সংরক্ষণ সনাক্তকরণ, রোগ নির্ণয়, রোগের প্রতিকার, ঔষধপত্র সনাক্তকরণ ইত্যাদি কার্যে কম্পিউটার ব্যবহৃত হচ্ছে। এ ছাড়া রোগীর যাবতীয় তথ্যাদিও সংরক্ষণ এবং গবেষণাকার্যে ব্যবহার করা সম্ভব হচ্ছে কম্পিউটারের মাধ্যমে।
৩. যোগাযোগের ক্ষেত্রেঃ বর্তমান বিশ্বে যোগাযোগের অন্যতম প্রধান মাধ্যম হচ্ছে কম্পিউটার। এর মাধ্যমে ই-মেল, ইন্টারনেট করে মূহূর্তের মধ্যেই বিশ্বের এক প্রান্তের খবর অন্য প্রান্তে চলে যাচ্ছে। এছাড়া স্যাটেলাইট প্রযুক্তি, তথ্য প্রযুক্তি আজ বিশ্বকে একটি গ্রামে পরিণত করেছে।
৪. অফিস ব্যবস্থাপনাঃ বিভিন্ন শিল্প কারখানা, ব্যবসা প্রতিষ্ঠান, কিংবা প্রশাসনিক অথবা শিক্ষা প্রতিষ্ঠানের অফিস ব্যবস্থাপনায় কম্পিউটার গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে ব্যবহৃত হচ্ছে। ব্যক্তি কার্যে কম্পিউটারের ব্যবহার অফিস ব্যবস্থাপনাকে অনেক

বেশি প্রগতিশীল করেছে। এর মাধ্যমে দ্রুত কাজ করা সম্ভব হয়েছে।

৫. দৈনন্দিন হিসাব নিকাশঃ আমাদের দৈনন্দিন জীবনে বিভিন্ন হিসেব নিকাশ তথা গাণিতিক সমস্যার সমাধানে কম্পিউটার ব্যবহৃত হচ্ছে। গাণিতিক এবং পরিসংখ্যানিক তথ্যাদির ব্যাখ্যা বিশেষণ এবং সমাধান করণে কম্পিউটারের ব্যবহারের দরুন আমাদের জীবন হয়েছে আরো বেশি গতিশীল, সহজতর এবং কাজিত। কাজেই এর ব্যবহারিক গুরুত্ব অনেক বেশি।

৬. তথ্য ব্যবস্থাপনাঃ বর্তমান যুগকে বলা হয় তথ্য প্রযুক্তির যুগ। এ যুগে কম্পিউটারের মাধ্যমে বিজ্ঞান, প্রযুক্তি, শিক্ষা, চিকিৎসা, ইঞ্জিনিয়ারিং ইত্যাদি প্রতিটি ক্ষেত্রেই তথ্যের ব্যবস্থাপনা হয়ে থাকে। যার ফলে আমরা আমাদের প্রয়োজনের সময়ে অতি দ্রুত তথ্যাদির সংযোজন ও উপস্থাপন করতে পারি।

৭. প্রকাশনা শিল্পেঃ বর্তমানে প্রকাশনা শিল্পকে কম্পিউটার অনেক বেশি সমৃদ্ধ করেছে। পাণ্ডুলিপি কম্পোজ, ডাটা প্রসেসিং, কাটিং, পেস্টিং, নতুনত্ব আনয়ন, কালার প্রসেসিং এবং প্রিন্টিং ইত্যাদি যাবতীয় কার্যে কম্পিউটার ব্যবহৃত হয়ে থাকে। যার ফলশ্রুতিতে পুস্তক প্রকাশ করা সহজ এবং দ্রুততর হয়েছে।

৮. প্রোগ্রাম তৈরিতেঃ মানুষের প্রয়োজনীয় বিভিন্ন ডব প্রোগ্রাম তৈরিতে কম্পিউটার ব্যবহৃত হয়। বিশেষকরে বিনোদন, ব্যাংকিং, খেলা, তথ্যাদির সংরক্ষণ, ভিডিও প্রদর্শনের প্রোগ্রাম তৈরিতে কম্পিউটার অতীব গুরুত্বপূর্ণ উপাদান। এটির ব্যবহারে জীবন হয়েছে ধন্য।

৯. ফলাফল প্রকাশ ও সনদ প্রদানেঃ বিভিন্ন পরীক্ষার ফলাফল প্রকাশ এবং দ্রুত সনদ প্রদানে কম্পিউটারের ব্যবহার করা হচ্ছে। এতে করে শিক্ষার্থীরা স্বল্প সময়ে তাদের সনদ কিংবা ফলাফল শীট হাতের কাছে পাচ্ছে। শিক্ষার উন্নয়ন কার্য আরো

বেশি গতিশীল হচ্ছে। সংযোজন হচ্ছে তথ্য প্রযুক্তির।

১০. ফাইল সংরক্ষণঃ বিভিন্ন অফিস আদালতের জরুরি কোন গুরুত্বপূর্ণ ফাইল সংরক্ষণে কম্পিউটারের অবদান অনস্বীকার্য। এটি নিরাপদ ও দীর্ঘ মেয়াদী ব্যবস্থা। এক্ষেত্রে গোপনীয় তথ্যাদির সংরক্ষণে কম্পিউটার হলো গোপন এবং বিশ্বস্ত বন্ধু। মানব সভ্যতার বিকাশের সাথে সাথে আমাদের জীবন হয়েছে প্রগতিশীল। বিশ্বটা হয়েছে গোবাল ভিলেজ। এক্ষেত্রে কম্পিউটার প্রযুক্তির ব্যবহার মানব জীবনকে আরো বেশি প্রগতিশীল করেছে। অর্থাৎ, যান্ত্রিক সভ্যতায় মানবজীবনকে বিকশিত করণে কম্পিউটারের অবদান অনস্বীকার্য।

### কম্পিউটারের ক্রমবিকাশের ইতিহাস (সংক্ষিপ্তরূপ)

কম্পিউটারের ক্রমবিকাশের ইতিহাস অনেক পুরানো। কম্পিউটারের উদ্ভব এবং বিস্তারের পেছনে মানুষের শতাব্দীর পর শতাব্দী পর্যন্ত প্রচেষ্টা অব্যাহত ছিল। এখনও মানুষ আরো উন্নত আরো বেশি কার্যক্ষম কম্পিউটার কিভাবে উদ্ভাবন করা যায় তার প্রচেষ্টা অব্যাহত রেখেছে। মূলতঃ প্রাচীন গণনা যন্ত্র হতেই এর উদ্ভাবনী শুরু হয়। কম্পিউটারের ক্রমবিকাশের ইতিহাসঃ মানুষের প্রয়োজনীয় গণনা কার্যক্রম হতেই কম্পিউটার উদ্ভাবনের প্রচেষ্টা শুরু হয়। প্রাচীনকালে মানুষ গণনার জন্য নুড়ি, ঝিনুক, দড়ির গিট, ছড়ির গিট ইত্যাদিকে গণনার কার্যে ব্যবহার করত। প্রাচীন রোমানরা সরু চোঁঙে নুড়ি পাথর ফেলে গণনা করত এবং তা স্থানান্তরিত করত। রোমান ভাষায় এসব নুড়িপাথরকে বলা হতো ক্যালকুলি (Calculi)। আর এ ক্যালকুলি হতে ইংরেজি ক্যালকুলেটর শব্দটি উদ্ভব হয়েছে। এর কয়েক হাজার বছর পরে উদ্ভাবিত হয়েছে অ্যাবাকাস নামে গণনার যন্ত্র। অ্যাবাকাস একটি প্রাচীন গণনার

যন্ত্র। এটাকেই কম্পিউটার ইতিহাসের প্রথম যন্ত্র হিসেবে ধরা হয়ে থাকে। মূলতঃ অ্যাবাকাস হতেই কম্পিউটার ইতিহাসের ক্রম অগ্রযাত্রা শুরু হয়। অ্যাবাকাস ছিল ফ্রেমে আটকানো স্থান পরিবর্তন যোগ্য গুটির সমন্বয়। খ্রীষ্ট পূর্ব ৫০০ অব্দে মিশর কিংবা চীনে সর্বপ্রথম এটি উদ্ভাবিত হয়েছিল। ১৬১৪ সালে স্কটল্যান্ডের গণিতবিদ নেপিয়ার লগারিদম সারণী আবিষ্কার করে কাঠের ব্যবহার করে গণনার একটি যন্ত্র উদ্ভাবন করেন যাকে নেপিয়ারের হাড় (Napiers Bone) বলা হতো। নিউটন তার উনড়বয়ন সাধন করেন। অন্যদিকে ফরাসী যুবক বেইজ

১৬৪২ সালে উদ্ভাবন করেন প্যাস্কাল নামক একটি গণনার যন্ত্র। তারপর ১৬৭০ সালে জার্মান গণিতবিদ গট ফ্রাইড ভন লিবমিজ উদ্ভাবন করেন লিবমিজ নামক গণনার যন্ত্র। যার সাহায্যে যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি করা সম্ভব হয়েছে। তারপর ১৭৮৬ সালে জার্মানীর মূলার উদ্ভাবন করে আরো উন্নত গণনার যন্ত্র ডিফারেন্স ইঞ্জিন। যাকে প্রথম ক্যালকুলেটর হিসেবে ধরা হয়। পরবর্তীতে চালর্স ব্যাবেজ ১৮১২ সালে পরিপূর্ণ গণনার যন্ত্র উদ্ভাবন করেন। যাকে আধুনিক কম্পিউটারের পূর্বরূপ হিসেবে ধরা যায়। ১৮৮৭ সালে মার্কিন পরিসংখ্যানবিদ ডঃ হারম্যান হলেরিথ আদম শুমারী কার্যে পাঞ্চকার্ড ব্যবহার করে কম্পিউটারের অগ্রযাত্রাকে আরো বেশি সুসমাপ্ত করেন। তার নেতৃত্বে গঠিত হয় “টেবুলেটিং কোম্পানী” যার মাধ্যমে কম্পিউটার শিল্পের ব্যবসায়িক দৃষ্টিভঙ্গির সূত্রপাত ঘটে। পরে এ কোম্পানী এবং আরো কয়েকটি কোম্পানী মিলে কম্পিউটার উদ্ভাবন এবং বাণিজ্যের উদ্দেশ্যে গঠিত হয় ওইগ বা ইন্টারন্যাশনাল বিজনেস মেশিন নামে একটি বৃহৎ কোম্পানী। তখন থেকেই বাজারে এসে যায়

এনালাইটিক্যাল ইঞ্জিন নামে নতুন ধরনের গণনার যন্ত্র।

১৯৪৬ সালে যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ জন মর্ডসলি এবং তার ছাত্র প্রেসপার একাট ENIAC নামে একটি গণনার যন্ত্র উদ্ভাবন করেন। এর ওজন ছিল ৩০ টন এবং ভ্যাকুয়াম টিউব ছিল ১৯০০টি। যন্ত্রটি চালানোর জন্য বিদ্যুৎশক্তির প্রয়োজন হতো ১৩০ কিঃ ওয়াঃ আর জায়গার প্রয়োজন ছিল ১৫০০ বর্গফুট। ১৯৫০ পর্যন্ত এর ব্যবহার চালু ছিল। জন মাউসলি এবং প্রেসপার একাট ১৯৫১ সালে আবার উদ্ভাবন করেন

**UNIVAC.** যার ব্যবহার ক্ষমতা ছিল অত্যন্ত বৈচিত্র্যময়। এটিই হলো বাণিজ্যিক ভিত্তিতে তৈরি প্রথম ইলেকট্রনিক কম্পিউটার। এতে ক্রিস্টাল ডায়োড সুইচ এবং ভ্যাকুয়াম টিউব সুইচ ব্যবহার করা হয়। এর সবচেয়ে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো এর সাহায্যে পড়া, গণনা এবং তথ্য লেখার কাজ করা যায়। প্রকৃতপক্ষে তখন হতেই বেশ কিছু প্রতিষ্ঠান বাণিজ্যিক ভিত্তিতে কম্পিউটার তৈরি করতে থাকে এবং বাজার জাত করে। ১৯৭১ সালের দিকে মার্কিন যুক্তরাষ্ট্রের কতিপয় কোম্পানী আরো বেশি উৎপাদনক্ষম এবং কার্যক্ষম কম্পিউটার উৎপাদন ও বাজারজাত করতে শুরু করে। এদিকে এশিয়ার অর্থনৈতিক কিং জাপানও এক্ষেত্রে মোটেও পিছিয়ে নেই। তারাও বিভিন্ন মডেলের বহুল কার্যক্ষমতা সম্পন্ন কম্পিউটার উৎপাদন ও বাজারজাত করণে বিশ্বকে দখল করে নিয়েছে। তাদের উৎপাদিত কম্পিউটারগুলো দামে সস্তা অত্যন্ত দ্রুত গতি সম্পন্ন এবং মজবুত। বিশ্বের মানুষ জাপানের কম্পিউটারের প্রতি আরো বেশি ঝোঁকে পড়ে। কম্পিউটারের ক্রমবর্তনের ইতিহাস নাতিদীর্ঘ। তথাপি জানার জন্য এখানে সংক্ষিপ্তরূপে কম্পিউটারের ইতিহাস উপস্থাপন করা হলো। বর্তমানে অত্যন্ত ছোট চিপস ব্যবহার করে অত্যাধুনিক এবং ছোট আকারের

কম্পিউটার উদ্ভাবিত করছে। এখন আর কম্পিউটার শুধু গণনার যন্ত্র নয়। এর ব্যবহার অত্যন্ত বৈচিত্র্যমুখী হয়েছে। যার কল্যাণকর দিক অসীম।

কম্পিউটারের অগ্রগতির পেছনে চার্লস ব্যাবেজ (কম্পিউটারের জনক) এর অবদানঃ

কম্পিউটার বিশ্বের উন্নতির সাথে যে মহান ব্যক্তির নাম জড়িয়ে রয়েছে তিনি হলেন চার্লস ব্যাবেজ। কম্পিউটারের আধুনিকায়নের সাথে চার্লস ব্যাবেজ এর অবদান অনস্বীকার্য। তিনি মূলতঃ একজন ইংরেজ গণিতবিদ। তিনিই সর্বপ্রথম শক্তিশালী গণনার যন্ত্রের উদ্ভাবন করেন। যার উপর ভিত্তি করে কম্পিউটার উদ্ভাবন সহজ হয়।

**চার্লস ব্যাবেজঃ** চার্লস ব্যাবেজ ছিলেন ইংল্যান্ডের ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ের গণিতের অধ্যাপক। তিনি ১৭৯২ সালে জন্মগ্রহণ করেন এবং ১৮৭১ সালে মৃত্যুবরণ করেন। তিনি সারাজীবন গবেষণা করে একটি শক্তিশালী গণনার যন্ত্র আবিষ্কার করেন যার নাম ছিল ডিফারেন্সিয়াল ইঞ্জিন বা বিয়োগ ফল ভিত্তিক গণনার যন্ত্র। তিনি এতে পাঞ্চকার্ডের ব্যবহার করে কম্পিউটারের আধুনিকায়নের সূত্রপাত ঘটান। তাই তাকে আধুনিক কম্পিউটারের জনক বলা হয়। চার্লস ব্যাবেজ তার গবেষণা কার্যের জন্য বৃটিশ সরকার কর্তৃক বিশাল অনুদান পেয়েছিলেন।

**চার্লস ব্যাবেজের অবদানঃ** ১৮১২ সালে চার্লস ব্যাবেজ লগারিদমের সূত্রকে প্রয়োগ করে কম্পিউটারের ডিফারেন্সিয়াল ইঞ্জিন উদ্ভাবন করেন। এতে তিনি এক সারি প্যাসকেল ধরনের গণনার যন্ত্র এমনভাবে সংযুক্ত করেন যে একটির Output বা ফলাফল অপরটির Input বা যোগান হিসেবে কাজ করবে। চার্লস ব্যাবেজ জীবনের দশ বছর গবেষণা করে যে ডিফারেন্সিয়াল ইঞ্জিন উদ্ভাবন করেছিলেন তার কার্যক্ষমতা যথার্থ না হওয়ায় পরবর্তীতে তিনি নতুন

ধরনের যন্ত্র আবিষ্কার মনোযোগী হন। তাঁর গবেষণা কার্যক্রম ছিল সুদীর্ঘ। চার্লস ব্যাবেজ জীবনের শেষ দিনটি পর্যন্ত যে যন্ত্র উদ্ভাবন কাটিয়েছেন সেটি হলো অ্যানালাইটিক্যাল ইঞ্জিন বা বিশেষণী যন্ত্র। চার্লস ব্যাবেজের এ উদ্ভাবিত চিন্তাশক্তি কিংবা মেশিন পরিকল্পনা আধুনিক কম্পিউটারের মূলনীতির উপর সুপ্রতিষ্ঠিত পায়। অর্থাৎ তার পরিকল্পনার সূত্র ধরেই কম্পিউটার বিশ্বের আধুনিকায়ন সম্ভব হয়েছে। এজন্যই চার্লস ব্যাবেজকে আধুনিক কম্পিউটারের জনক বলা হয়।

চার্লস ব্যাবেজ তার মেশিন পরিকল্পনায় আধুনিক কম্পিউটারের মতো নিয়ন্ত্রণ অংশ, গাণিতিক অংশ, স্মৃতি অংশ, গ্রহণমুখ অংশ, নির্গমনমুখ অংশ চিহ্নিত করেছিলেন। যদিও ব্যাবেজের পরিকল্পনা ছিল উন্নত এবং বৈজ্ঞানিক তথাপি তখনও যুগান্তকারী প্রযুক্তির উন্নয়ন হয়নি বিধায় তার পরিকল্পনাকে তখন বাস্তবায়ন করা সম্ভব হয়নি। যার ফলে তখনকার অন্যান্য বিজ্ঞানীরা ব্যাবেজ পরিকল্পনাকে ব্যাবেজের মূর্খতা (Babbage's Folly) বলে উপহাস করেছিল। সরকারও তার গবেষণার অনুদান বন্ধ করেছিল। প্রকৃত পক্ষে চার্লস ব্যাবেজের চিন্তা এবং পরিকল্পনা ছিল শত বছরের আগাম চিন্তা। অর্থাৎ কম্পিউটার জগতের শত বছর পরে কিরূপ উন্নত প্রযুক্তির সংযোজন হতে পারে তারই প্রতিফলন করেছিলেন ব্যাবেজ তার কম্পিউটার পরিকল্পনায়। তবে তাঁর চিন্তা প্রসূত পরিকল্পনা তার মৃত্যুর পর বাস্তবায়ন করা সম্ভব হয়েছিল। তাঁর অসংখ্য চিত্র এবং নকশা আধুনিক কম্পিউটার বিকাশের প্রেরণা যুগিয়েছে। ব্যাবেজের চিন্তার একশ বছর পর কম্পিউটারের যে পর্যায়ে উন্নীত হয়েছে সেরূপ কম্পিউটার চিন্তা তিনি একশ বছর আগে করেছিলেন। তাই তিনি আধুনিক কম্পিউটারের জনক হিসেবে স্বীকৃতি পেয়েছেন।

কম্পিউটারের উন্নয়নে অনেক বিজ্ঞানীর নামই বিশেষভাবে জড়িত রয়েছে। তবে চার্লস ব্যাবেজের অবদান অনস্বীকার্য। যদিও এ বিজ্ঞানী জীবদ্দশায় এর স্বীকৃতি পেয়ে যেতে পারেননি। পৃথিবীতে তিনিই একমাত্র বিজ্ঞানী যিনি সারা জীবন একটি মাত্র যন্ত্র উদ্ভাবনেই কাটিয়েছেন, তবু সফল হতে পারেন নি। তাই তিনি জীবদ্দশায় সতীর্থদের উপহাসের পাত্রে পরিণত হয়েছিলেন।

### বিভিন্ন ধরনের সফটওয়্যার

বিভিন্ন ধরনের ব্যবহারিক গুরুত্বের উপর ভিত্তি করে কম্পিউটারের সফটওয়্যারকে প্রধানত দুটো শ্রেণীতে বিভক্ত করা যায়। যেমনঃ

ক. সিস্টেম সফটওয়্যার (System Software)

খ. প্যাকেজ বা ব্যবহারিক সফটওয়্যার (Application software)

ক. সিস্টেম সফটওয়্যারঃ কম্পিউটারের একটি গুরুত্বপূর্ণ এবং অবিচ্ছেদ্য ইউনিট হচ্ছে সিস্টেম সফটওয়্যার। অর্থাৎ কম্পিউটারের বিভিন্ন অংশের কাজের সমন্বয় রক্ষাকারী ও ব্যবহারিক নির্বাহের সংযোগ রক্ষাকারী ইউনিটকেই সিস্টেম সফটওয়্যার বলা হয়। কম্পিউটার পরিচালনার জন্য ব্যবহৃত বিভিন্ন প্রোগ্রাম সিস্টেম সফটওয়্যার এর অন্তর্ভুক্ত। অপারেটিং সিস্টেম, সিস্টেম সফটওয়্যারের একটি গুরুত্বপূর্ণ অংশ।

সিস্টেম সফটওয়্যারের ইউনিটঃ সিস্টেম সফটওয়্যার প্রধানত তিনটি ইউনিট রয়েছে। নিম্নে সেগুলো উল্লেখ করা হলো-

১. সিস্টেম নিয়ন্ত্রণ প্রোগ্রাম।

২. সিস্টেম সহায়ক প্রোগ্রাম।

৩. সিস্টেম উনডুবন প্রোগ্রাম।

খ. প্যাকেজ বা ব্যবহারিক সফটওয়্যারঃ কম্পিউটারে সাধারণত ব্যবহারিক সমস্যা সমাধান বা ডাটা

প্রক্রিয়াকরণের জন্য ব্যবহৃত প্রোগ্রামকেই ব্যবহারিক সফটওয়্যার বা প্যাকেজ সফটওয়্যার বলা হয়। এ প্যাকেজ সফটওয়্যাকে আবার এপ্লিকেশন সফটওয়্যার নামেও অভিহিত করা হয়ে থাকে। কম্পিউটার ব্যবহারকারী নিজেই নিজের কম্পিউটারের ভাষা ব্যবহার করে প্রয়োজনীয় যে কোন সমস্যা সমাধান করে অথবা ডাটা প্রক্রিয়াকরণের জন্য প্রোগ্রাম রচনা করতে পারেন। ব্যবহারিক সমস্যা সমাধানের জন্য অনেক রকম প্রোগ্রাম তৈরি করে বাণিজ্যিক পণ্য হিসেবে বাজারে ছাড়া হয়। ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, ডাটাবেজ ইত্যাদি প্যাকেজ প্রোগ্রাম বহুল ব্যবহৃত এবং জনপ্রিয়।

প্রকারভেদঃ প্যাকেজ সফটওয়্যারকে প্রধানত দু' টো ভাগে বিভক্ত করা হয়ে থাকে। যেমন-

১. একক প্রক্রিয়া প্যাকেজ সফটওয়্যার।

২. সমন্বিত প্রক্রিয়ার প্যাকেজ সফটওয়্যার।

১. একক প্রক্রিয়া প্যাকেজঃ শুধুমাত্র এক ধরনের সমস্যা সমাধানের জন্য একক প্রক্রিয়া প্যাকেজ ব্যবহার করা হয়ে থাকে। প্রোগ্রাম ব্যবহার করে সহজেই সমস্যা সমাধান করা যায়। সাধারণত লিপি প্রস্তুতের জন্য ব্যবহৃত ওয়ার্ডস্টার, বক্সরাইটার, ওয়ার্ড, ওয়ার্ড পারফেক্ট, গ্রাফ, বারচার্ট, পাই-চার্ট, ইউনিট এর জন্য ব্যবহৃত গ্রাফ, গ্রাফ প্যাটর্ন ইত্যাদি একক প্রক্রিয়া প্যাকেজ প্রোগ্রামের উদাহরণ।

২. সমন্বিত প্রক্রিয়া প্যাকেজঃ একাধিক প্রক্রিয়া সমাধানের জন্য অনেক রকম বাণিজ্যিক প্যাকেজ পাওয়া যায়। এ ধরনের প্যাকেজ প্রোগ্রামকে সমন্বিত প্রক্রিয়া প্যাকেজ বলা হয়। এতে বিভিন্ন প্রক্রিয়া সমাধানের জন্য অনেক রকম প্রোগ্রামের সমন্বয় করা হয়ে থাকে। একই ফাইলের ডাটা দিয়ে বিভিন্ন ধরনের কাজ করতে হলে একীভূত প্যাকেজ সহায়ক হয়।

লোটার ১,২,৩ মাইক্রোসফট, এক্সেল, ওয়ার্কসিট ইত্যাদি কয়েকটি জনপ্রিয় সমন্বিত প্যাকেজ প্রোগ্রাম।

## তথ্য ও প্রযুক্তি বিষয়াবলী

☛ তথ্য প্রযুক্তি কাকে বলে?

উঃ কম্পিউটার এবং টেলিযোগাযোগ ব্যবস্থার মাধ্যমে যাবতীয় তথ্য সংগ্রহ, একত্রীকরণ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ এবং বিনিময় বা পরিবেশনের ব্যবস্থাকে তথ্য প্রযুক্তি বলে।

☛ যোগাযোগ প্রযুক্তি কাকে বলে?

উঃ যে প্রযুক্তির মাধ্যমে কোনো তথ্য এক স্থান হতে অন্য স্থানে কিংবা এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে স্থানান্তর কিংবা একজনের ডেটা অন্যের নিকট স্থানান্তরের প্রক্রিয়াকে যোগাযোগ প্রযুক্তি বলে।

☛ তথ্য প্রযুক্তির অবদান সমূহ লেখ।

উঃ ক) অপচয় রোধকরে।

খ) সময় সাশ্রয়ী হয়।

গ) তথ্যের প্রাপ্যতা সহজ হয়।

ঘ) তাৎক্ষণিক যোগাযোগ সম্ভব হয়। যেমনঃ ফোন, ফ্যাক্স,

ইন্টারনেট, ই-মেইল, এসএমএস, এমএমএস প্রভৃতি।

ঙ) সর্বক্ষেত্রে দক্ষতাবৃদ্ধি পায়।

চ) ব্যবসায়-বানিজ্যে লাভজনক প্রক্রিয়াসৃষ্টিকরে।

ছ) মানব সম্পদের উন্নয়ন ঘটায়।

জ) শিক্ষার্থীরা ঘরে বসেই অনলাইনে বিশ্বের বিভিন্ন নামী-দামী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণ করতে পারবে।

ঝ) ঘরে বসেই বিদ্যুৎ, পানি, গ্যাস, মোবাইল ফোনের বিল সহ সকল কাজ তথ্য প্রযুক্তির মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে।

☛ তথ্য প্রযুক্তির উপাদান সমূহের নাম লেখ।

উঃ

ক) কম্পিউটার ও আনুসঙ্গিক যন্ত্রপাতি।



খ) কম্পিউটিং।

গ) রেডিও, টেলিভিশন, ফ্যাক্স,।

ঘ) অডিও ভিডিও।

ঙ) স্যাটেলাইট।

চ) কম্পিউটার নেটওয়ার্ক।

ছ) ইন্টারনেট।

জ) আধুনিক টেলিযোগাযোগ।

ঝ) মডেম ইত্যাদি।

❖ কম্পিউটার কাকে বলে?

উঃ Computer শব্দটি গ্রিক শব্দ থেকে এসেছে।

কম্পিউট (Compute) শব্দ থেকে Computer শব্দটি উৎপত্তি। Computer শব্দের অর্থ গণনাকারী।

অর্থাৎ কম্পিউটার শব্দের আভিধানিক অর্থ

গণনাকারী যন্ত্র। শুরুতে কম্পিউটারের

পরিচয় ছিল গণনা যন্ত্রের। কিন্তু এখন আর

কম্পিউটারকে গণনা যন্ত্র বলা যায় না। কম্পিউটার

এমন একটি যন্ত্র যা তথ্য গ্রহণ করে এবং বিভিন্ন প্রক্রিয়ার

মধ্যমে তা বিশ্লেষণ এবং উপস্থাপন করে। অথবা, এটি এমন একটি যন্ত্র যা তথ্য গ্রহণ করে

এবং বিভিন্ন প্রক্রিয়ার মধ্যমে তা বিশ্লেষণ করে

গাণিতিক ও যুক্তিমূলক কাজ সঠিক ভাবে উপস্থাপন

করতে পারে তাকে কম্পিউটার বলে।

**কম্পিউটার আবিষ্কারকঃ** ১৯৩০ সালে মার্ক-১ ডঃ

হাওয়ার্ড এইচ আইকেন (Howard H. Aiken)।

❖ কম্পিউটারের বৈশিষ্ট্য সমূহ লেখ।

উঃ ক) দ্রুতগতি।

খ) নির্ভুলতা।

গ) সূক্ষ্মতা।

ঘ) বিশ্বাসযোগ্যতা।

ঙ) ক্লাস্তিহীনতা।

চ) স্মৃতিশক্তি।

ছ) স্বয়ংক্রিয়তা।

জ) যুক্তিসংগত সিদ্ধান্ত।

ঝ) বহুমুখিতা।

এঃ) অসীম জীবনীশক্তি।

❖ কম্পিউটারের কাজ করার গতি কি হিসেবে নির্ণয় করে?

উঃ কম্পিউটার কাজ করে “ন্যানো সেকেন্ডে” যা ১ সেকেন্ডের ১০০ কোটি ভাগের এক ভাগ ( $10^{-9}$  সেকেন্ড)।

❖ রেডিও কী?

উঃ রেডিও একটি গ্রাহকযন্ত্র। রিসিভারের মাধ্যমে বেতার তরঙ্গ ধারণ করে তাকে এমপ্লিফাই করে বাজিয়ে রেডিওতে শোনা যায়। দূরবর্তী স্থানে বেতার তরঙ্গ পাঠিয়ে শব্দ স্থানান্তরিত করা হয়। বর্তমানে বহুল জনপ্রিয় হলো FM (Frequency Modulation) রেডিও।

**রেডিও আবিষ্কারকঃ** ১৮৯৪ সালে গুগলিমও মারকনি (Guglielmo Marconi)।

❖ টেলিভিশন কী?

উঃ টেলিভিশন হলো ছবি ও শব্দ প্রেরকযন্ত্র। এটি একটি একমুখী যোগাযোগ ব্যবস্থা। এতে একটি নির্দিষ্ট সম্প্রচার কেন্দ্র থেকে রেকর্ডকৃত অথবা ভিডিও ক্যামেরা দিয়ে ধারণকৃত ইলেকট্রিক সিগন্যাল পাঠানো হয় এবং উক্ত সম্প্রচার কেন্দ্রের চ্যানেলে সংযোগকৃত টেলিভিশন সেটে তথ্য ছবি, শব্দ এবং লাইভ প্রোগ্রাম ইত্যাদি দেখা যায়।

**আবিষ্কারকঃ** ১৯২৬ সালে জন লোগি বেয়ার্ড (John Logie Baird)।

❖ স্যাটেলাইট কী ও এটি কত ভাগে ভাগ করা হয়েছে?

উঃ স্যাটেলাইট হলো একটি কৃত্রিম উপগ্রহ যা পৃথিবীর চারদিকে প্রদক্ষিণ করে এমন স্থানে স্থাপিত বিশেষ ধরনের তারবিহীন রিসিভার/ট্রান্সমিটার হলো স্যাটেলাইট।

**আবিষ্কারকঃ** ১৯৫৭ সালে (Verner E.Suomi) ভারনার ই সওমি।

স্যাটেলাইটের কাজের উপর ভিত্তি করে কয়েক ভাগে ভাগ করা হয়েছে।

যথাঃ

- ক) ওয়েদার স্যাটেলাইট।
- খ) কমিউনিকেশন স্যাটেলাইট।
- গ) ন্যাভিগেশন স্যাটেলাইট।
- ঘ) আর্থ অবজার্ভেশন স্যাটেলাইট।
- ঙ) মিলিটারী স্যাটেলাইট।

❶ ইন্টারনেট কী?

উঃ ইন্টারনেট হলো পৃথিবী জুড়ে বিস্তৃত অসংখ্য নেটওয়ার্কের সমন্বয়ে গঠিত একটি বৃহৎ নেটওয়ার্ক ব্যবস্থা। অথবা, একটি কম্পিউটারের সাথে আরেকটি কম্পিউটারের যোগাযোগকে নেটওয়ার্ক বলে। আর একটি নেটওয়ার্কের সাথে এক বা একাধিক নেটওয়ার্কের সংযোগ হয়ে বিশ্বব্যাপী বিস্তৃত যোগাযোগকে ইন্টারনেট বলে।

আবিষ্কারকঃ ১৯৬৯ সালে ভিনটন জি কার্ফ (Vinton G.Cerf)

❷ ই-মেইল (Email) কী?

উঃ ই-মেইল হল ইলেকট্রনিক মেইল (Electronic Mail) এর সংক্ষিপ্ত রূপ। ই-মেইল হলো কম্পিউটার নেটওয়ার্ক ব্যবহার করে এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে তথ্য আদান প্রদান করার প্রক্রিয়া। অথবা,

Electronic Mail কে সংক্ষেপে E-Mail বলা হয়। এটি একটি উন্নত ও দ্রুত বৈদ্যুতিক ডাক ব্যবস্থা। এটি এমন এক নেটওয়ার্ক ব্যবস্থা যার মাধ্যমে স্বল্প ব্যয়ে তাৎক্ষণিকভাবে বিশ্বের যেকোনো প্রান্তে সংবাদ আদান- প্রদান করা যায়। কয়েকটি Mail Address হচ্ছে gmail, yahoo, hotmail, outlook, zoho, yandex, proton, icloud, ইত্যাদি

আবিষ্কারকঃ ১৯৭১ সালে রে টমলিনসন (Ray Tomlinson) Arpanet এর মাধ্যমে E-mail প্রেরণ করেন এবং @ চিহ্ন প্রথম ব্যবহার করেন।

❸ রিজার্ভেশন সিস্টেম (Reservation System)

কাকে বলে?

উঃ যোগাযোগ ক্ষেত্রে রিজার্ভেশন সিস্টেম বর্তমানে বহুল প্রচলিত। ইলেকট্রনিক উপায়ে আসন বিন্যস্ত করাকে রিজার্ভেশন সিস্টেম বলে।

যেমনঃ বিমান, রেলওয়ে, দূরপাল্লার বাস, হোটেলের সীট অগ্রিম বুকিং ইত্যাদি।

❹ মোবাইল ফোন কাকে বলে?

উঃ মোবাইল ফোন হলো একটি ইলেকট্রনিক ডিভাইস যা বেস স্টেশনের একটি সেলুলার নেটওয়ার্কের মাধ্যমে ফুল ডুপ্লেক্স দ্বিমুখী রেডিও টেলিকমিউনিকেশনকে ব্যবহার করে থাকে। এ ফোনকে মোবাইল, সেলুলার ফোন, সেলফোন নামেও ডাকা হয়।

আবিষ্কারকঃ ১৯৭৩ সালে মার্টিন কুপার Martin Cooper)।

❺ টেলিকনফারেন্সিং (Teleconferencing) কাকে বলে?

উঃ টেলিফোন সংযোগ ব্যবহার করে কম্পিউটার অডিও, মডেম-ভিডিও যন্ত্রের সাহায্যে দেশ-বিদেশের বিভিন্ন স্থান থেকে কোন সভায় অংশগ্রহণ করার পদ্ধতি হচ্ছে টেলিকনফারেন্সিং। টেলিকনফারেন্সিং ৩ প্রকার। যথাঃ

- ক) পাবলিক কনফারেন্স।
- খ) ক্লোজড কনফারেন্স।
- গ) রীড অনলি কনফারেন্স।

আবিষ্কারকঃ ১৯৭৫ সালে মরিল টারফ (Morrill Tariff)।

❻ ভিডিও কনফারেন্সিং কাকে বলে?

উঃ ভিডিও কনফারেন্সিং হলো এক সারি ইন্টারঅ্যাকটিভ টেলিযোগাযোগ প্রযুক্তি যেগুলো দুই

বা ততোধিক অবস্থান হতে নিরবিচ্ছিন্নভাবে দ্বিমুখী অডিও এবং ভিডিও সম্প্রচারের মাধ্যমে একত্রে যোগাযোগ স্থাপনের সুযোগ দেয় তাকে ভিডিও কনফারেন্সিং বলে। বর্তমানে সর্বাধিক ব্যবহৃত ভিডিও কনফারেন্সিং সফটওয়্যার/এপস হলোঃ Zoom Cloud Meeting. করোনা মহামারীর জন্য স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় সহ সকল প্রকার প্রতিষ্ঠান বন্ধ থাকায় যোগাযোগের মাধ্যম হিসেবে এই ক্লাউড মিটিং সর্বাধিক পরিচিতি লাভ করে।

❖ ইন্টারনেটকে বিশ্বগ্রামের মেরুদণ্ড বলা হয় কেন?

উঃ ইন্টারনেটের মাধ্যমেই মানুষ বিশ্বের বিভিন্ন প্রান্তে অবস্থান করে একে অপরের সাথে সহজে যোগাযোগ করতে পারে এবং বিভিন্ন ধরনের তথ্য আদান প্রদান করতে পারে। এইজন্যই ইন্টারনেট হচ্ছে বিশ্বগ্রাম সংযুক্ততার মেরুদণ্ড। অথবা, বিশ্বগ্রাম হচ্ছে এমন একটি সামাজিক এবং সাংস্কৃতিক সংগঠন যেখানে কমিউনিটির সকল সদস্য ইন্টারনেট তথা তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে সংযুক্ত। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ক্রমবর্ধমান উন্নতির ফলে বসবাসযোগ্য পৃথিবী ক্রমশ ছোট হয়ে আসছে, যেন একটি গ্রামে পরিণত হচ্ছে। আর এর প্রধান সহায়ক শক্তি হচ্ছে তথ্য ইন্টারনেট। সুতরাং বলা যায়, বিশ্বগ্রাম হচ্ছে ইন্টারনেট ব্যবস্থা। অতএব বলা যায় যে ইন্টারনেটই বিশ্বগ্রামের মেরুদণ্ড।

❖ বিশ্বগ্রাম (Global Village) কাকে বলে?

উঃ বিশ্বগ্রাম হচ্ছে এমন একটি সামাজিক বা সাংস্কৃতিক ব্যবস্থা, যেখানে পৃথিবীর সকল প্রান্তের মানুষই একটি একক সমাজে বসবাস করে এবং ইলেকট্রনিক মিডিয়া ও তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে তারা সহজেই তাদের চিন্তা-চেতনা, অভিজ্ঞতা, সাংস্কৃতিক-কৃষ্টি ইত্যাদি বিনিময় করতে পারে ও একে অপরকে সেবা প্রদান করে থাকে। অথবা, Global Village শব্দের অর্থ বিশ্বগ্রাম।

Global Village হলো তথ্য ও যোগাযোগ

প্রযুক্তিনির্ভর এমন একটি পরিবেশ, যেখানে দূরবর্তী স্থানে অবস্থান করেও পৃথিবীর সকল মানুষই একটি একক সমাজে বসবাস করার সুবিধা পায় এবং একে অপরকে সেবা প্রদান করে থাকে।

আবিষ্কারকঃ ১৯৬২ সালে তার প্রকাশিত বই দ্যা গুটেনবার্গ গ্যালাক্সি (The Gutenberg Galaxy) বিশ্বগ্রাম শব্দটি তুলে ধরেন। কানাডিয়ান দার্শনিক ও লেখক হারবার্ট মার্শাল ম্যাকলুহান (Herbert Marshall McLuhan)।

❖ বিশ্বগ্রামের সুবিধা ও অসুবিধা সমূহ লেখ।

উঃ বিশ্বগ্রামের সুবিধা সমূহঃ

- ১) মোবাইল ফোন, ইন্টারনেটের কারণে বিশ্বগ্রাম হওয়ায় বিশ্ব আজ মানুষের হাতের মুঠোয়।
- ২) বিভিন্ন দেশ এবং তাদের সাংস্কৃতিক সম্পর্কে জানা যায়।
- ৩) ক্লিক করে মুহূর্তেই যে কোন দেশের তথ্য জানা যায়।
- ৪) মুহূর্তের মধ্যে বিশ্বের যে কোন স্থানের কোন ব্যক্তির সাথে যোগাযোগ করা যায়।
- ৫) মানুষের কাজের দক্ষতা এবং গতি বৃদ্ধি পাচ্ছে।
- ৬) সহজেই বিভিন্ন গবেষনার ফলাফল জানা যাচ্ছে।
- ৭) ঘরে বসেই বিভিন্ন দেশের পত্র-পত্রিকা পড়া সহ সকল কাজ করা যায়।
- ৮) পৃথিবীর যেকোনো স্থানে বসে চিকিৎসা সেবা পাওয়া যায়।
- ৯) ই-ব্যাংকিং, ই-লার্নিং, ই-মেইল, ই-বুক, ই-সংবাদ ইত্যাদি সেবা সহজেই পাওয়া যায়।
- ১০) ঘরে বসেই ইন্টারনেটের মাধ্যমে আউটসোর্সিং করে উপার্জন করা যায়।

বিশ্বগ্রামের অসুবিধা সমূহঃ

- ১) ইন্টানেট হ্যাকিং করে তথ্য চুরি হওয়া।
- ২) অসত্য তথ্য প্রকাশের মাধ্যমে বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারে।

- ৩) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের তথ্য চুরি করা।  
ডেবিট ও ক্রেডিট কার্ড জালিয়াতি।
- ৪) সাইবার আক্রমণ সংঘটিত হওয়া।
- ৫) সহজে সাংস্কৃতিক বিনিময়ের ফলে কোন দেশের নিজস্ব সংস্কৃতির বিলুপ্তি ঘটা।
- ৬) প্রযুক্তির বেশি ব্যবহারের ফলে শারীরিক সমস্যা সৃষ্টি হওয়া।
- ৭) জনগণ কোন কিছু পড়ে এর সুত্রে যাচাই না করে সত্য বলে গ্রহণ করতে পারে।
- ❖ বিশ্বগ্রাম প্রতিষ্ঠার উপাদানসমূহ বর্ণনা দাও।  
উঃ নিচে বিশ্বগ্রাম প্রতিষ্ঠার প্রধান প্রধান উপাদানসমূহ উল্লেখ করা হলোঃ
- ১) হার্ডওয়্যার (Hardware)।
  - ২) সফটওয়্যার (Software)।
  - ৩) কানেক্টিভিটি (Connectivity)।
  - ৪) ডেটা (Data)।
  - ৫) মানুষের জ্ঞান বা সক্ষমতা (Capacity)।
- হার্ডওয়্যার (Hardware)** যে সকল যন্ত্রপাতি স্পর্শ করা যায় ও অনুভব করা যায় তাকে হার্ডওয়্যার বলে। হার্ডওয়্যার বলতে এখানে কম্পিউটার আর এক সাথে যন্ত্রপাতি, মোবাইল ফোন, স্মার্ট ফোন, অডিও-ভিডিও রেকর্ডার, স্যাটেলাইট, রেডিও, টেলিভিশন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সাথে সম্পৃক্ত ডিভাইস সমূহ।
- সফটওয়্যার (Software)** সফটওয়্যার হলো এমন একটি সূক্ষ্ম জিনিস যা শুধুমাত্র অনুভব করা যায় কিন্তু স্পর্শ করা যায় না তাকে সফটওয়্যার বলে। সফটওয়্যারের মধ্যে রয়েছে বিভিন্ন ধরনের অপারেটিং সিস্টেম, ব্রাউজিং সফটওয়্যার, কমিউনিকেশন সফটওয়্যার এবং প্রোগ্রামিং ভাষা।
- কানেক্টিভিটি (Connectivity)** বিশ্বগ্রামের গ্রামের মেরুদণ্ড হলো নিরাপদভাবে রিসোর্স শেয়ার করার ইন্টারনেট সংযুক্ততা বা কানেক্টিভিটি যার মাধ্যমে

বিভিন্ন উপাত্ত ও তথ্য প্রতিটি মানুষের নিকট পৌঁতে পারে। এক্ষেত্রে টেলিকমিউনিকেশন, ব্রডকাস্টিং এবং ইন্টারনেট ব্যবহার করে ইন্টারনেট কানেকশন দেওয়ার ব্যবস্থা করা হয়ে থাকে।

**ডেটা (Data)** ডেটা হচ্ছে অগোছালো বা এলোমেলো ভাবে ছড়িয়ে ছিটিয়ে থাকা কিছু তথ্য বা Information. ডেটাকে প্রক্রিয়াকরণ বা প্রসেসিং করে ব্যবহারযোগ্য ইনফরমেশন বা তথ্যে পরিণত করা হয়।

**মানুষের জ্ঞান বা সক্ষমতা (Capacity)** বিশ্বগ্রামের উপাদানগুলো মধ্যে মানুষের জ্ঞান বা সক্ষমতা অন্যতম। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অবকাঠামো ব্যবহার করার জ্ঞান না থাকলে এর সুফল পাওয়া সম্ভব নয়। সুতরাং বলা যায়- যে কোনো বিষয়ে জ্ঞান আহরণ বা বিতরণের জন্য এই প্রযুক্তিতে মানুষের জ্ঞান বা সক্ষমতা অত্যাবশ্যক।

❖ বিশ্বগ্রামের ধারণা সংশ্লিষ্ট প্রধান উপাদানসমূহ গুলো কি কি?

উঃ প্রধান প্রধান উপাদানগুলো নিচে উল্লেখ করা হলোঃ

- ১) যোগাযোগ (Communication)।
- ২) কর্মসংস্থান (Employment)।
- ৩) শিক্ষা (Education)।
- ৪) চিকিৎসা (Care And Treatment)।
- ৫) গবেষণা (Research)।
- ৬) অফিস (Office)।
- ৭) বাসস্থান (Residence)।
- ৮) ব্যবসায়-বানিজ্য (Business)।
- ৯) সংবাদ (News)।
- ১০) বিনোদন ও সামাজিক যোগাযোগ (Entertainment and Social Communication)।
- ১১) সাংস্কৃতিক বিনিময় (Cultural Exchange)।
২২. তথ্য প্রযুক্তি নির্ভর বিশ্বগ্রাম-ব্যাখ্যা কর।

উঃ বিশ্বগ্রাম এমন একটি পরিবেশ যেখানে পৃথিবীর সকল মানুষ একক সমাজে বসবাস করে এবং ইলেকট্রনিক মিডিয়া ও তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে একে অপরকে সেবা প্রদান করে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিস্তৃত ব্যবহার তথা তথ্য আদান প্রদানের জন্য ইনফরমেশন সুপার হাইওয়ের সাথে সংযোগ ছাড়া বিশ্বগ্রামের ধারণা অসম্ভব।

❖ **BBS** কাকে বলে?

উঃ **BBS** এর পূর্ণরূপ হলো Bulletin Board System এটি একটি শক্তিশালী কেন্দ্রীয় কম্পিউটারের অর্থাৎ মেইনফ্রেম বা মিনি বা সুপার মাইক্রো কম্পিউটারের সাথে টেলিফোন লাইন বা ইন্টারনেট কানেকশনের মাধ্যমে সংযুক্ত হয়ে কম ক্ষমতাসম্পন্ন কম্পিউটারের সাথে তথ্য আদান-প্রদান করার ব্যবস্থাকে বুলেটিন বোর্ড বলে।

❖ **আউটসোর্সিং(Outsourcing)** কাকে বলে?

উঃ কম্পিউটার ও ইন্টারনেটের মাধ্যমে অনলাইন মার্কেটপ্লেসে দেশে-বিদেশের বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছ হতে অর্ডার নিয়ে হাজার হাজার কাজ অর্থের বিনিময়ে সম্পাদন করাকে আউটসোর্সিং বলে। আউটসোর্সিং কে ফ্রিল্যান্সিং বা উন্মুক্ত পেশা বলা হয়। যেমনঃ Odesk.com, Freelance.com ইত্যাদি সাইট হতে কাজ নিয়ে কাজ করা যায়।

❖ **ডিজিটাল ক্লাস রুম বা মাল্টিমিডিয়া রুম** কী?

উঃ ডিজিটাল ক্লাস রুম হচ্ছে কম্পিউটার, ইন্টারনেট ও মাল্টিমিডিয়া সমৃদ্ধ। শ্রেণিকক্ষে প্রত্যেক শিক্ষার্থীর ডেস্কে কম্পিউটার বা ল্যাপটপ বা নোট প্যাড ব্যবহার করার ব্যবস্থা থাকবে। শিক্ষক কর্তৃক মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে কম্পিউটার দ্বারা বিশেষ সফটওয়্যার ব্যবহার করে পাঠদানের উপযোগী ক্লাসকে ডিজিটাল ক্লাস রুম বলে।

❖ **ভার্চুয়াল রিয়েলিটি (Virtual Reality)** কাকে বলে?

উঃ প্রকৃত অর্থে বাস্তব নয় কিন্তু বাস্তবের চেতনা উদ্বেককারী, বিজ্ঞাননির্ভর কল্পনাকে ভার্চুয়াল রিয়েলিটি বলে। ভার্চুয়াল রিয়েলিটি হলো সফটওয়্যার নির্মিত একটি কাল্পনিক পরিবেশ, যা ব্যবহারকারীর কাছে বাস্তব জগৎ হিসেবে বিবেচিত হয়।

❖ **Smart Home** কী?

উঃ **Smart Home** হলো এমন একটি বাসস্থান যেখানে রিমোট কন্ট্রোলিং বা প্রোগ্রামিং ডিভাইসের সাহায্যে বাড়ির হিটিং সিস্টেম, কুলিং সিস্টেম, লাইটিং সিস্টেম ও সিকিউরিটি কন্ট্রোল সিস্টেম ইত্যাদি নিয়ন্ত্রণ করা যায়।

❖ **নৈতিকতা** কী?

উঃ নৈতিকতা হলো মানুষের কাজ কর্ম, আচার ব্যবহারের সেই মূলনীতি যার ওপর ভিত্তি করে মানুষ একটি কাজের ভালো বা মন্দ দিক বিচার বিশ্লেষণ করতে পারে।

❖ **কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligent)** কী?

উঃ কৃত্রিম বুদ্ধিমত্তা হলো মানুষের চিন্তাভাবনা গুলোকে কৃত্রিম উপায়ে কম্পিউটার বা কম্পিউটার প্রযুক্তিনির্ভর যন্ত্রের মধ্যে রূপ দেওয়ার ব্যবস্থা করা।

**আবিষ্কারকঃ** ১৯৫৬ সালে মিট (MIT) ও জন ম্যাকার্থী (John McCarthy)।

❖ **এক্সপার্ট সিস্টেম** কাকে বলে?

উঃ এক্সপার্ট সিস্টেম হলো এক ধরনের সিদ্ধান্ত সমর্থন পদ্ধতি যা নির্দিষ্ট বিষয়ে মানুষের ন্যায় কৃত্রিম দক্ষতা নিয়ে তৈরি। উচ্চ ক্ষমতাসম্পন্ন অনেকগুলো মাইক্রোপ্রসেসর ও চিপ ব্যবহার করে প্রোগ্রামিংয়ের মাধ্যমে কম্পিউটার কৃত্রিম বুদ্ধিমত্তার সৃষ্টি করা হয়। এ সিস্টেম থেকে প্রশ্ন করে উত্তর জানতে পারে।

❖ **রোবোটিক্স (Robotics)** কী?

উঃ Robot শব্দটি এসেছে স্লাভিক শব্দ Robota হতে যার অর্থ শ্রমিক। প্রযুক্তির যে শাখায় রোবটের নকশা, গঠন ও কাজ সম্পর্কে আলোচনা করা হয় সেই শাখাকে **Robotics** বলে।

**আবিষ্কারকঃ** ১৯২০ সালে জোসেফ এফ এঞ্জেলবার্জার (Joseph F.Engelberger)।  
**❖ক্রায়োসার্জারি (Cryosurgery)** কাকে বলে?  
 উঃ ক্রায়োসার্জারি হচ্ছে এক প্রকার চিকিৎসা পদ্ধতি। গ্রিক শব্দ **Cryo** অর্থ বরফের মতো ঠাণ্ডা এবং **surgery** অর্থ হাতের কাজ। যে পদ্ধতিতে অত্যধিক শীতল তাপমাত্রা প্রয়োগ করে ত্বকের অস্বাভাবিক এবং রোগাক্রান্ত টিস্যু ধ্বংস করা হয় তাকে ক্রায়োসার্জারি বলে।

**আবিষ্কারকঃ** ১৯২০ সালে ড. ইরভিং কুপার (Irving Cooper) ও আর্নল্ড লি (Arnold Lee) ক্রায়োসার্জারি আবিষ্কার করেন।

**❖ক্রায়োপব (Cryoprobe)** কী?  
 উঃ ক্রায়োসার্জারি পদ্ধতিতে রোগাক্রান্ত টিস্যুর উপর এক প্রকার গোলাকার নল দিয়ে প্রলেপ দেয়া হয়। এই গোলাকার নলকে ক্রায়োপব বলে।

**❖মহাকাশ অভিযান কী?**  
 উঃ পৃথিবীর বাইরে মহাশূন্যের রহস্য আবিষ্কারের উদ্দেশ্যে চালিত অনুসন্ধান বা অভিযানকে মহাকাশ অভিযান বলা হয়।

**❖বায়োমেট্রিক্স কাকে বলে?**  
 উঃ “Biometrics” গ্রিক শব্দ “Bio” অর্থ জীবন ও “metric” অর্থ পরিমাপ। বায়োমেট্রিক্স হলো এমন একটি প্রযুক্তি যেখানে কোনো ব্যক্তির দেহের গঠন ও বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে তাকে Unique বা অদ্বিতীয়ভাবে চিহ্নিত করা হয় তাকে বায়োমেট্রিক্স বলে।

**আবিষ্কারকঃ** ১৯৭৮ সালে পাওলিন হ্যগুয়েগ (Paulien Hogeweg)।

**❖বায়োমেট্রিক্স এর ব্যবহার সমূহ লেখ।**

উঃ বায়োমেট্রিক্স এর ব্যবহার সমূহ-

- ১) পাসপোর্ট তৈরি।
- ২) আইডি কার্ড।
- ৩) ড্রাইভিং লাইসেন্স।

৪) ডোর কন্ট্রোল।

৫) এটিএম কার্ড।

৬) আইনশৃঙ্খলায়।

৭) কম্পিউটার কন্ট্রোল সিকিউরিটি।

৮) সেলারি ম্যানেজমেন্ট ইত্যাদি।

**❖জেনেটিক ইঞ্জিনিয়ারিং কাকে বলে?**

উঃ কোন জীব থেকে একটি নির্দিষ্ট জিন (Gene) বহনকারী DNA (Deoxyribonucleic acid) পৃথক করে ভিন্ন একটি জীবে স্থানান্তরের কৌশলকে জেনেটিক ইঞ্জিনিয়ারিং বলে।

অথবা, বংশগতি সংক্রান্ত বিষয়ে আহরিত জ্ঞানকে মানুষের কল্যাণের উদ্দেশ্যে কাজে লাগানোর প্রকৃতিকে জেনেটিক ইঞ্জিনিয়ারিং বলে।

**আবিষ্কারকঃ** ১৯৫১ সালে জ্যাক উইলিয়ামসন (Jack Williamson)।

**❖ন্যানোটেকনোলজি কাকে বলে?**

উঃ ন্যানোটেকনোলজি কে সংক্ষেপে ন্যানোটেক বলে। ন্যানোপ্রযুক্তি হলো পদার্থকে আনবিক পর্যায়ে পরিবর্তন ও নিয়ন্ত্রণ করার বিদ্যা। ন্যানোটেকনোলজি হলো এমন একটি প্রযুক্তি যেখানে ন্যানো স্কেলে একটি বস্তুকে নিপুনভাবে ব্যবহার করা যায় অর্থাৎ এর পরিবর্তন, পরিবর্ধন, ধ্বংস বা সৃষ্টি করা যায়।

অথবা,

ন্যানো প্রযুক্তি হলো পারমানবিক বা আনবিক স্কেলে অতিক্ষুদ্র ডিভাইস তৈরি করার জন্য ধাতব বস্তুকে সুনিপুনভাবে কাজে লাগানোর বিজ্ঞান।

**আবিষ্কারকঃ** ১৯৫৯ সালে রিচার্ড ফাইনম্যান (Richard Feynman)।

**❖হ্যাকিং (Hacking)** কী?

উঃ প্রোগ্রাম রচনা ও প্রয়োগের মাধ্যমে কোন কম্পিউটার সিস্টেম বা নেটওয়ার্কের ক্ষতিসাধন করাকে হ্যাকিং বলে। অথবা,

হ্যাকিং হচ্ছে অনাধিকার প্রবেশ এবং অনৈতিক কর্মকান্ড। যা কম্পিউটারে বা ওয়েবসাইটে ঢুকে অন্যের তথ্যের ক্ষতি সাধন করাকে হ্যাকিং বলে।  
**আবিষ্কারকঃ** ১৯৯৫ সালে ক্যাভিন ডেভিড মিতনিক (Kevin David Mitnick)।

❖ **স্পুফিং ও স্নিফিং (Spoofing & Sniffing) কী?**

উঃ স্পুফিংঃ ভূয়া ওয়েবসাইটের মাধ্যমে আর্থিক তথ্যাদি হাতিয়ে নেয়ার একটি সাধারণ পদ্ধতিকে স্পুফিং বলে।

স্নিফিংঃ যে কোনো তথ্য ট্রান্সমিশন লাইন দিয়ে তথ্য যাবার সময় তথ্যকে তুলে নেয়ার পদ্ধতিকে স্নিফিং বলে।

❖ **সাইবার-আক্রমণ (Cyber-attack) বা সাইবার ওয়ারফেয়ার কাকে বলে?**

উঃ কোনো কম্পিউটারের নিয়ন্ত্রন অর্জনের প্রচেষ্টা এবং কোনো ব্যক্তি বা গ্রুপের অনুমতি ছাড়াই তাদের সমগ্র গতিবিধিকে ট্রাক করাকে সাইবার আক্রমণ বলে।

❖ **সাইবার থেফট (Cyber theft) কী?**

উঃ অসৎ উদ্দেশ্য ব্যবহারের জন্য কিংবা অন্যন্য অবৈধ ব্যবহারের জন্য কম্পিউটার ব্যবহার করে ব্যবসায়িক অথবা ব্যক্তিগত তথ্যাদি চুরি করাই হলো সাইবার থেফট।

❖ **সফটওয়্যার পাইরেসি (Software Piracy) কী?**

উঃ যে কোনো সফটওয়্যার প্রস্তুতকারীর বিনা অনুমতিতে কোন সফটওয়্যার কপি করা, বিতরণ করা, আংশিক পরিবর্তন করে নিজের নামে চালিয়ে দেয়া ইত্যাদি কার্যক্রমকে সফটওয়্যার পাইরেসি বলে।

❖ **প্লেজিয়ারিজম (Plagiarism) কী?**

উঃ যে কোন উৎসের লেখা সংযোজন করা হোক না কেন তাতে মূল লেখক বা মূল কর্মের স্রষ্টার নাম অবশ্যই সংযোজন করা না হলে তা অপরাধ হিসেবে

বিবেচিত হবে। এ ধরনের অপরাধকে প্লেজিয়ারিজম বলে।

❖ **ই-কমার্স কী?**

উঃ ইলেকট্রনিক কমার্সকেই সাধারণ অর্থে ই-কমার্স বলে। অর্থাৎ ইন্টারনেট বা অন্য কোনো কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে ইলেকট্রনিক পদ্ধতিতে কোনো পণ্য বা সেবা ক্রয় বিক্রয়ের কাজটিকেই ই-কমার্স বলে।

❖ **ই-কমার্সের সুবিধা সমূহ লেখ।**

উঃ ই-কমার্সের সুবিধা সমূহ-

১) দ্রুত ক্রয় বিক্রয় পদ্ধতি, সহজে পণ্য খুঁজে পাওয়া যায়।

২) ব্যবসা পরিচালনা খরচ কমায়।

৩) ভৌগোলিক সীমাবদ্ধতা অতিক্রম করে সহজেই ভোক্তার কাছে পৌঁছে যায়।

৪) পণ্যের গুণগত মান উন্নয়ন করে।

৫) কম খরচে উন্নত সেবা প্রদান করে।

৬) বাহ্যিক সেটআপ ছাড়াই ব্যবসা করা যায়।

৭) সহজেই ব্যবসা শুরু করা যায় এবং ব্যবস্থাপনা করা যায়।

৮) ক্রেতা দৈহিকভাবে না গিয়ে বিভিন্ন

প্রোভাইডারদের প্রোডাক্ট

নির্বাচন করতে পারে।

❖ **স্প্যামিং (Spamming) কী?**

উঃ অনেক সময় অপ্রয়োজনীয় মেইল আসে, যা খুবই বিরক্তিকর, এই মেইলগুলোকে স্প্যামিং মেইল বলে। এ ধরনের মেইল ওয়েব সার্ভার ব্যস্ত রাখে, মেমোরি জায়গা দখল করে।

❖ **সমাজে তথ্য প্রযুক্তির সুফল ও কুফল সমূহ কি কি?**

উঃ সমাজে তথ্য প্রযুক্তির সুফল সমূহ-

১) সময় বাচায়।

২) অপচয় কমায়।

৩) দক্ষতা বৃদ্ধি।

- ৪) তথ্যের প্রাচুর্য।
- ৫) দ্রুত যোগাযোগ।
- ৬) ভিডিও কনফারেন্সিং।
- ৭) ব্যবসা-বনিজ্যে।
- ৮) শিক্ষাক্ষেত্রে।
- ৯) ই-গভর্নেন্স।
- ১০) যোগাযোগ ব্যবস্থায়।
- ১১) চিকিৎসায়।
- ১২) কর্মসংস্থান।
- ১৩) বিনোদনক্ষেত্রে।
- ১৪) প্রতিরক্ষা ব্যবস্থায়।

সমাজে তথ্য প্রযুক্তির কুফল সমূহ-

- ১) অপরাধপ্রবনতা।
- ২) অশ্লীলতা।
- ৩) তথ্যের গোপনীয়তা প্রকাশ।
- ৪) বেকারত্ব সৃষ্টি।
- ৫) শারীরিক সমস্যা।
- ৬) বুদ্ধিমত্তার ক্ষতিগ্রস্ততা।
- ৭) মিথ্যা প্রচারণা।
- ৮) ডিজিটাল ডিভাইড।

❖ ICT এর অর্থ-নৈতিক উন্নয়ন সমূহ কি কি?

উঃ ICT এর অর্থনৈতিক উন্নয়ন সমূহ-

- ১) বিনিয়োগ।
- ২) কর্মসংস্থান।
- ৩) আউটসোর্সিং।
- ৪) ব্যবসায় উদ্যোগ।
- ৫) উৎপাদনশীলতা বৃদ্ধি।
- ৬) ক্ষুদ্র ব্যবসায়।
- ৭) যোগাযোগ ব্যবস্থায় উন্নয়ন।
- ৮) শিক্ষা বিস্তার।
- ৯) ই-গভর্নেন্স।
- ১০) ই-ব্যাংকিং।
- ১১) মোবাইল ব্যাংকিং ইত্যাদি।

❖ ভাইরাস (Virus) কাকে বলে?

উঃ VIRUS অর্থ হলো Vital Information Resources Under Seize. এটি হলো এক ধরনের অজানা ক্ষতিকারক প্রোগ্রাম যা স্বয়ংক্রিয়ভাবে নির্বাহ, সংক্রমন ও বংশ বৃদ্ধি করে কম্পিউটারে রক্ষিত অন্যান্য প্রোগ্রামকে নষ্ট করে দেয় তাকে ভাইরাস বলে।

কয়েকটি ভাইরাসের নামঃ Trojan horse, Abraxas, Melissa, The Anna Kournikova Etc.

আবিষ্কারকঃ ১৯৮৬ সালে ফ্রেড কোহেন (Fred Cohen)

❖ টেলিমেডিসিন কাকে বলে?

উঃ ইন্টারনেট, টেলি কনফারেন্স বা ভিডিও কনফারেন্সের মাধ্যমে পৃথিবীর যেকোনো দেশে অবস্থান করেও একজন ডাক্তার অন্য যে কোনো স্থানের কোনো রোগীর চিকিৎসা সেবা দিয়ে থাকেন, তাকে ই-ডাক্তার বা টেলিমেডিসিন বলে।

❖ কম্পিউটার নেটওয়ার্ক কাকে বলে?

উঃ বিভিন্ন কম্পিউটার কোন যোগাযোগ ব্যবস্থার দ্বারা একসঙ্গে যুক্ত থাকলে তাকে কম্পিউটার নেটওয়ার্ক বলে।

❖ ইন্টানেট কাকে বলে?

উঃ ক্ষুদ্র ক্ষুদ্র নেটওয়ার্কের সমন্বয়ে গঠিত একটি বৃহৎ নেটওয়ার্ককে ইন্টারনেট বলে।

❖ ডেটা কী?

উঃ Data শব্দটি ল্যাটিন শব্দ Datum -এর বহুবচন। Datum অর্থ হচ্ছে তথ্যের উপাদান। তথ্যের অন্তর্ভুক্ত ক্ষুদ্রতম অংশসমূহ হচ্ছে ডেটা বা উপাত্ত। অর্থাৎ, যে কোনো তথ্য বা উপাত্তকেই ডেটা বলে।

❖ কমিউনিকেশন কী?

উঃ কমিউনিকেশন শব্দটি ল্যাটিন শব্দ “Communicare” থেকে এসেছে যার অর্থ “to



Share” (আদান-প্রদান) করা। কমিউনিকেশন শব্দটির অর্থ হল যোগাযোগ।

☛ ডেটা কমিউনিকেশন কাকে বলে?

উঃ কোন ডেটাকে এক স্থান থেকে অন্য স্থানে অথবা এক ডিভাইস থেকে অন্য ডিভাইসে অথবা একজনের ডেটা অন্যজনের নিকট বাইনারি পদ্ধতিতে স্থানান্তর করার পদ্ধতি হলো ডেটা কমিউনিকেশন।

যেমনঃ কম্পিউটার থেকে পেনড্রাইভ, মোবাইল, মডেম ইত্যাদি।

☛ ডেটা কমিউনিকেশনের মৌলিক উপাদান কয়টি ও কী কী?

উঃ ডেটা কমিউনিকেশনের মৌলিক উপাদান ৩টি যথাঃ-

ক) প্রেরক।

খ) মাধ্যম।

গ) গ্রাহক।

☛ কমিউনিকেশন সিস্টেম কত প্রকার ও কী কী বর্ণনা কর?

উঃ কমিউনিকেশন সিস্টেম ৪ প্রকার যথাঃ-

ক) বায়োলজিক্যাল কমিউনিকেশন।

খ) গ্রাফিক্যাল কমিউনিকেশন।

গ) ওয়েভ কমিউনিকেশন।

ঘ) টেলিকমিউনিকেশন।

**ক) বায়োলজিক্যাল কমিউনিকেশনঃ** সকল ধরনের কমিউনিকেশন যেখানে শরীরের বিভিন্ন অংশ দ্বারা করা হয় তাকে বায়োলজিক্যাল কমিউনিকেশন বলে।  
যেমনঃ মস্তিষ্ক, স্বরযন্ত্র, কান, বাহু, এবং হাত ইত্যাদি।

**খ) গ্রাফিক্যাল কমিউনিকেশনঃ** সকল ধরনের কমিউনিকেশন যেখানে ছবি ও চিত্রের মাধ্যমে প্রকাশ করা হয় তাকে গ্রাফিক্যাল কমিউনিকেশন বলে।  
যেমনঃ ছবি, এ্যানিমেশন, ভিডিও ইত্যাদি।

**গ) ওয়েভ কমিউনিকেশনঃ** সকল ধরনের কমিউনিকেশন যা মেসেজকে একটি শক্তির উৎস দ্বারা বহন করে প্রকাশ করাকে ওয়েভ কমিউনিকেশন বলে।

যেমনঃ বায়ু, পানি, মহাশূন্য ইত্যাদি।

**ঘ) টেলিকমিউনিকেশনঃ** দূরবর্তী স্থানে যোগাযোগের পদ্ধতিকে টেলিকমিউনিকেশন বলে।

যেমনঃ টেলিফোন, মোবাইল ফোন, টেলিভিশন, রেডিও ইত্যাদি।

☛ ডেটা কমিউনিকেশনের উপাদান সমূহের বর্ণনা কর।

উঃ ডেটা কমিউনিকেশন সিস্টেম ৫টি উপাদান নিয়ে গঠিত।

যথাঃ-

ক) উৎস

খ) প্রেরক

গ) মাধ্যম

ঘ) গ্রাহক

ঙ) গন্তব্য।

ক) উৎসঃ যে ডিভাইস হতে ডেটা পাঠানো হয় তাকে উৎস বলে।

যেমনঃ কম্পিউটার, টেলিফোন ইত্যাদি।

খ) প্রেরকঃ উৎস থেকে প্রাপকের নিকট ডেটা পাঠানোর জন্য

যে যন্ত্র ব্যবহৃত হয় তাকে প্রেরক বলে।

যেমনঃ মডেম।

গ) মাধ্যমঃ যার মাধ্যমে ডেটাসমূহ এক স্থান থেকে অন্য স্থানে বা এক কম্পিউটার থেকে অন্য

কম্পিউটারে স্থানান্তর করা হয় তাকে মাধ্যম বলে।

যেমনঃ রেডিও ওয়েভ, ক্যাবল, মাইক্রোওয়েভ, স্যাটেলাইট ইত্যাদি।

ঘ) গ্রাহকঃ যে যন্ত্র ডেটা গ্রহন করে তাকে গ্রাহক বলে।

যেমনঃ মডেম, মোবাইলের সিম ইত্যাদি।

ঙ) গন্তব্যঃ সর্বশেষ গন্তব্য হিসেবে সার্ভার বা কম্পিউটার ব্যবহৃত হয়।

যেমনঃ কম্পিউটার।

❖ **Bps**, বিট ও ক্যারেঞ্জার বা **Word** কী?

উঃ **Bps** প্রতি সেকেন্ডে বিট ডেটা স্থানান্তরিত হওয়ার হারকে **Bps** বা Bit Per Second বলে।

বিটঃ তথ্যের ক্ষুদ্রতম একক হলো বিট (Bit)। Bit এর পুরো নাম **Binary Digit**। এক বিট সমান বাইনারি তথ্য ০ বা ১।

ক্যারেঞ্জারঃ ৮ বিটে ১(এক) বাইট (Byte)। ১ বাইট সমান এক ক্যারেঞ্জার বা Word.

❖ ডেটা ট্রান্সমিশন (**Data Transmission**) স্পীড কী?

উঃ মোবাইল হতে অথবা এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে ডেটা স্থানান্তরের হারকে ডেটা ট্রান্সমিশন স্পীড বলে।

❖ সিগন্যাল কী?

উঃ সময়ের সাথে ভোল্টেজের পরিবর্তনকে অর্থাৎ উঠানামাকে সিগন্যাল বলে। সিগন্যাল দুই প্রকার যথাঃ-

ক) এনালগ সিগন্যাল।

খ) ডিজিটাল সিগন্যাল।

❖ ওয়েভফর্ম কী?

উঃ ডেটা কমিউনিকেশনে বা ডেটা ট্রান্সমিশনে সিগন্যাল ট্রান্সমিট হয় ভোল্টেজের উঠানামার মাধ্যমে, এই উঠানামা প্রকাশের ধরনকে বলা হয় ওয়েভফর্ম।

❖ স্ফায়ার ওয়েভ ও সাইন ওয়েভ কাকে বলে?

উঃ-

স্ফায়ার ওয়েভঃ ডিজিটাল সিগনালের ওয়েভফর্মকে স্ফায়ার ওয়েভ বলে।

সাইন ওয়েভঃ এনালগ সিগনালের ওয়েভফর্মকে সাইন ওয়েভ বলে।

❖ এমপ্লিচ্যুড (**Amplitude**) কী?

উঃ একটি ওয়েভের সর্বোচ্চ ও সর্বনিম্ন পয়েন্টের দূরত্বকে এমপ্লিচ্যুড বলে। এই এমপ্লিচ্যুড যত বেশি হবে সেই সিগন্যাল তত শক্তিশালী হবে। এই শক্তিকে মাপা হয় এম্পিয়ার (Ampere) হিসেবে।

❖ ফ্রিকোয়েন্সি (**Frequency**) কী?

উঃ প্রতি সেকেন্ডে কোনো সিগন্যাল যতগুলি ওয়েভ তৈরি করে তাকে ফ্রিকোয়েন্সি বলে। এই ফ্রিকোয়েন্সি মাপা হয় হার্জ (Hz) হিসেবে।

❖ ব্যান্ড উইডথ (**Band Width**) কী?

উঃ একটি মাধ্যম হতে অন্য মাধ্যমে প্রতি সেকেন্ডে যে পরিমাণ বিট ট্রান্সমিট করা হয় তাকে ব্যান্ড উইডথ বলে। যেমনঃ Bps, Kbps, Mbps, Gbps, Tbps ইত্যাদি।

**Bps, Kbps, Mbps, Gbps, Tbps** এর পূর্ণ রূপ কি?

উঃ

✓ Bps = Bit per Second (1 bit = 0 or 1)

✓ Kbps = Kilobits per Second (1024 bit = 1Kb)

✓ Mbps = Megabits per Second (1024 kb = 1Mb)

✓ Gbps = Gigabits per second (1024mb = 1Gb)

✓ Tbps = Terabits per second (1024gb = 1Tb)

এছাড়াও আরো- Peta, Exa, Zetta, Yotta.

❖ ডেটা ট্রান্সমিশন স্পীড কত প্রকার ও কী কী বর্ণনা দাও?

উঃ ডেটা কমিউনিকেশনের গতিতে ৩ ভাগে বিভক্ত। যথাঃ-

ক) ন্যারো ব্যান্ড (Narrow Band)

খ) ভয়েস ব্যান্ড (Voice Band)

গ) ব্রড ব্যান্ড (Broad Band)

ক) ন্যারো ব্যান্ডঃ সাধারণত 45bps থেকে 300bps পর্যন্ত হয়ে থাকে। এই ব্যান্ড ধীরগতি সম্পন্ন ডেটা ট্রান্সমিশন- এর ক্ষেত্রে ব্যবহার করা হয়।

যেমনঃ টেলিগ্রাফ।

খ) ভয়েস ব্যান্ডঃ ভয়েস ব্যান্ডের গতি সাধারণত 1200 bps থেকে 9600 bps বা 9.6 Kbps পর্যন্ত হয়ে থাকে। এটি সাধারণত টেলিফোনে বেশি ব্যবহৃত হয়।

যেমনঃ টেলিফোন, প্রিন্টার, কার্ড-রিডার ইত্যাদি।

গ) ব্রড ব্যান্ডঃ উচ্চ গতিসম্পন্ন ডেটা স্থানান্তর প্রক্রিয়ায় ব্রড ব্যান্ড ব্যবহার করা হয়। এ ব্যান্ডের গতি 1Mbps এর চেয়ে বেশি হয়ে থাকে। এটি স্যাটেলাইট, মাইক্রোওয়েব কমিউনিকেশনে ব্যবহৃত হয়।

যেমনঃ Wi-MAX, স্যাটেলাইট, মাইক্রোওয়েব, কো-এক্সিয়াল ক্যাবল, অপটিক্যাল ফাইবার ইত্যাদি।

❖ ট্রান্সমিশন মেথড কাকে বলে?

উঃ একটি কম্পিউটার হতে অন্য কম্পিউটারে ডেটা ট্রান্সমিশন হওয়ার প্রক্রিয়ার পদ্ধতি বা সিস্টেমকে ট্রান্সমিশন মেথড বলে।

❖ বিট সিনক্রোনাইজেশন কাকে বলে?

উঃ যে কোনো ডেটা পাঠানোর সময় সিগন্যাল বিট ও ডেটা বিটগুলোর মধ্যে সমন্বয়ের জন্য ব্যবহৃত পদ্ধতিকে বিট সিনক্রোনাইজেশন বলে।

❖ ডেটা ট্রান্সমিশন মেথড কত প্রকার ও কী কী বর্ণনা দাও?

উঃ সিনক্রোনাইজেশন ভিত্তিতে ডেটা ট্রান্সমিশন মেথড ৩ প্রকার, যথাঃ

ক) অ্যাসিনক্রোনাস ট্রান্সমিশন (Asynchronous Transmission)

খ) সিনক্রোনাস ট্রান্সমিশন (Synchronous Transmission)

গ) আইসোক্রোনাস ট্রান্সমিশন (Isochronous Transmission)

ক) অ্যাসিনক্রোনাস ট্রান্সমিশনঃ যে ট্রান্সমিশন সিস্টেমে ডেটা প্রেরকের কাছ থেকে ডেটা প্রাপকের কাছে ক্যারেঙ্টার বাই ক্যারেঙ্টার ট্রান্সমিট হয় তাকে অ্যাসিনক্রোনাস ট্রান্সমিশন বলে।

যেমনঃ প্রতি ক্যারেঙ্টারে ১০ বা ১১ বিটের ডেটায় রূপান্তরিত হয়ে ডেটা ট্রান্সমিট হয়।

খ) সিনক্রোনাস ট্রান্সমিশনঃ যে ট্রান্সমিশন সিস্টেমে ডেটা সমূহকে ব্লক আকারে ভাগ করে প্রতি বার ১টি করে ব্লক ট্রান্সমিট করা হয় তাকে সিনক্রোনাস ট্রান্সমিশন বলে।

যেমনঃ প্রতি ব্লক ৮০ থেকে ১৩২টি ক্যারেঙ্টার নিয়ে গঠিত হয়।

গ) আইসোক্রোনাস ট্রান্সমিশনঃ যে ট্রান্সমিশনে প্রেরক ও প্রাপক স্টেশনের মধ্যে ডেটা ট্রান্সমিশন ডিলে সর্বনিম্ন রাখা হয় অর্থাৎ, পর পর দুটি ব্লকের ডেটা ট্রান্সফারের সময় প্রায় ০(শূন্য) একক সময় ব্যবহার করা হয় তাকে আইসোক্রোনাস ট্রান্সমিশন বলে।

যেমনঃ প্রিন্টারের জন্য এক ধরনের মেথড, গানের জন্য এক ধরনের মেথড।

❖ অ্যাসিনক্রোনাস ও সিনক্রোনাস বৈশিষ্ট্য লিখ।

উঃ-

অ্যাসিনক্রোনাস এর বৈশিষ্ট্যঃ

ক) প্রেরক যেকোনো সময় ডেটা ট্রান্সমিট করতে পারে এবং গ্রাহক তা গ্রহন করতে পারে।

খ) প্রতি ক্যারেঙ্টারের শুরুতে একটি স্টার্ট বিট ও শেষে একটি বা দুটি স্টপ বিট ট্রান্সমিট করা হয়।

গ) একটি ক্যারেঙ্টার পর আরেকটি ক্যারেঙ্টার ট্রান্সমিট হবার সময় মাঝখানে বিরতি সমান হয় না।

ঘ) ইন্সটলেশন খরচ অত্যন্ত কম এবং জটিল সার্কিট ছাড়াই বাস্তবায়ন করা যায়।

সিনক্রোনাস এর বৈশিষ্ট্যঃ

ক) ডেটাকে ব্লক আকারে ট্রান্সমিট করা হয়।

খ) প্রতিটি ক্যারেঞ্জারের শুরু ও শেষে স্টার্ট এবং স্টপ বিটের প্রয়োজন হয় না।

গ) পর পর দুটি ব্লক ট্রান্সমিট হওয়ার মধ্যবর্তী সময় সমান হয়।

ঘ) প্রতি ব্লকের শুরুতে একটি হেডার এবং শেষে একটি ট্রেইলার ইনফরমেশন সিগন্যাল পাঠানো হয়।

☛ অ্যাসিনক্রোনাস ও সিনক্রোনাসের সুবিধা ও অসুবিধা লিখ।

উঃ অ্যাসিনক্রোনাস এর সুবিধাঃ

ক) অল্প করে ডেটা পরিবহনের পরিবেশে যেমন ইন্টারনেটে এই পদ্ধতি বেশি উপযোগী।

খ) প্রেরক যেকোনো সময় ডেটা পাঠাতে পারে এবং গ্রাহক তা গ্রহন করতে পারে।

গ) প্রেরকের কোনো প্রাইমারি স্টোরেজ ডিভাইসের প্রয়োজন হয় না।

ঘ) ইনস্টলেশন খরচ অত্যন্ত কম।

অ্যাসিনক্রোনাস এর অসুবিধাঃ

ক) সিনক্রোনাস ট্রান্সমিশনের তুলনায় এর দক্ষতা কম।

খ) ডেটা ট্রান্সমিশনে গতি অপেক্ষাকৃত কম।

গ) মাইক্রোওয়েভ বা স্যাটেলাইট মাধ্যমের ক্ষেত্রে অত্যন্ত ব্যয়বহুল।

ঘ) প্রতি বর্ণের সাথে স্টার্ট বিট ও স্টপ বিট পাঠানো হয়।

সিনক্রোনাস এর সুবিধাঃ

ক) স্টার্ট বা স্টপ বিট না থাকায় এবং অনরবত চলতে থাকায় এর গতি অনেক দ্রুত হয়।

খ) প্রতিটি ক্যারেঞ্জারের শুরু ও শেষ স্টার্ট এবং স্টপ বিটের প্রয়োজন হয় না।

গ) ক্যারেঞ্জারের পর টাইম ইন্টারভালেরও প্রয়োজন হয়না।

ঘ) এর দক্ষতা অ্যাসিনক্রোনাস ট্রান্সমিশনের চেয়ে বেশি। সময় তুলনামূলক কম লাগে।

সিনক্রোনাস এর অসুবিধাঃ

ক) এটি তুলনামূলক ব্যয়বহুল।

খ) এর সার্কিট জটিল।

☛ অ্যাসিনক্রোনাস ও সিনক্রোনাস এর পার্থক্যঃ-

অ্যাসিনক্রোনাস	সিনক্রোনাস
১। যে ট্রান্সমিশন সিস্টেমে ডেটা প্রেরকের কাছ থেকে ডেটা প্রাপকের কাছে ক্যারেঞ্জার বাই ক্যারেঞ্জার ট্রান্সমিট হয় তাকে অ্যাসিনক্রোনাস ট্রান্সমিশন বলে।	১। যে ট্রান্সমিশন সিস্টেমে ডেটা সমূহকে ব্লক আকারে ভাগ করে প্রতি বার ১টি করে ব্লক ট্রান্সমিট করা হয় তাকে সিনক্রোনাস ট্রান্সমিশন বলে।
২। এতে ডেটা ট্রান্সমিশনের গতি কম।	২। ডেটা ট্রান্সমিশনের গতি অনেক দ্রুত হয়।
৩। প্রেরকের কোন প্রাইমারি স্টোরেজ ডিভাইসের প্রয়োজন হয় না।	৩। প্রেরক স্টেশনে প্রেরকের সাথে একটি প্রাইমারি স্টোরেজ ডিভাইসের প্রয়োজন হয়।
৪। ইন্সটলেশন খরচ অত্যন্ত কম।	৪। এটি তুলনামূলক ব্যয়বহুল।
৫। এ পদ্ধতিতে ট্রান্সমিট সময় বেশি লাগে।	৫। এ পদ্ধতিতে ট্রান্সমিট সময় কম লাগে।
৬। এতে অতিরিক্ত বিট ব্যবহার করা হয় বলে এই ট্রান্সমিশনে দক্ষতা কম।	৬। এর দক্ষতা অ্যাসিনক্রোনাস ট্রান্সমিটের চেয়ে বেশি।

☛ ডেটা ট্রান্সমিশন কত প্রকার ও কী কী বর্ণনা দাও।

উঃ ডেটা পাঠানো উপর ভিত্তি করে ডেটা ট্রান্সমিশন ২ প্রকার যথাঃ

ক) সিরিয়াল ট্রান্সমিশন।  
 খ) প্যারালাল ট্রান্সমিশন।  
 ক) সিরিয়াল ট্রান্সমিশনঃ এ ধরনের ট্রান্সমিশনে প্রতিবারে সাত বিটের তথ্য পাঠানো হয়। উৎস থেকে গন্তব্যের দূরত্ব বেশি হলে এ পদ্ধতি বেশি ব্যবহার করা হয়।  
 খ) প্যারালাল ট্রান্সমিশনঃ এ পদ্ধতিতে অনেকগুলো তার দিয়ে একসাথে অনেকগুলো বিট ডেটা পাঠানো হয়। দূরত্ব বেশি হলে খরচ বেশি।  
 ❖ ডেটা ট্রান্সমিশন মোড কাকে বলে।  
 উঃ কম্পিউটার থেকে কম্পিউটারে ডেটা কমিউনিকেশন এর ডেটা ট্রান্সফারের প্রবাহকে ডেটা ট্রান্সমিশন মোড বলা হয়।  
 ❖ ডেটা ট্রান্সফারের প্রবাহ কত প্রকার ও কী কী?  
 উঃ ডেটা ট্রান্সফারের প্রবাহের ভিত্তিতে ডেটা ট্রান্সমিশন মোড ৩ প্রকার যথাঃ  
 ক) ইউনিকাস্ট (Unicast) মোড।  
 খ) ব্রডকাস্ট (Broadcast) মোড।  
 গ) মাল্টিকাস্ট (Multicast) মোড।  
 ❖ ডেটা ট্রান্সমিশন মোড কত প্রকার ও কী কী এর বর্ণনা কর ?  
 উঃ ডেটা ট্রান্সমিশন মোড ৩ প্রকার যথাঃ-  
 ক) সিমপ্লেক্স (Simplex)।  
 খ) হাফ-ডুপ্লেক্স (Half-Duplex)।  
 গ) ফুল-ডুপ্লেক্স (Full-Duplex)।  
 সিমপ্লেক্সঃ ডেটা স্থানান্তরের ক্ষেত্রে ডেটার একদিকে প্রবাহকে সিমপ্লেক্স মোড বলা হয়।  
 যেমনঃ PABX সিস্টেম, রেডিও, টিভি ইত্যাদি।  
 হাফ-ডুপ্লেক্সঃ কোন প্রান্ত একই সময়ে কেবল ডেটা গ্রহন কিংবা প্রেরণ করতে পারে, কিন্তু গ্রহন এবং প্রেরণ একই সময়ে একসাথে করতে পারে না তাকে হাফ-ডুপ্লেক্স বলে।

যেমনঃ ওয়াকিটকি।  
 ফুল-ডুপ্লেক্সঃ এ পদ্ধতিতে ডেটা স্থানান্তরের ক্ষেত্রে উভয় দিক থেকে একই সময়ে ডেটা প্রেরণ ও গ্রহন করা যায় তাকে ফুল- ডুপ্লেক্স।  
 যেমনঃ মোবাইল, টেলিফোন ইত্যাদি।  
 ❖ হাফ-ডুপ্লেক্স ও ফুল-ডুপ্লেক্স এর মধ্যে পার্থক্য লিখ।

হাফ-ডুপ্লেক্স	ফুল-ডুপ্লেক্স
১। কোন প্রান্ত একই সময়ে কেবল ডেটা গ্রহন কিংবা প্রেরণ করতে পারে, কিন্তু গ্রহন এবং প্রেরণ একই সময়ে একসাথে করতে পারে না।	১। এ পদ্ধতিতে ডেটা স্থানান্তরের ক্ষেত্রে উভয় দিক থেকে একই সময়ে ডেটা প্রেরণ ও গ্রহন করা যায়।
২। ব্যবহার তুলনামূলক জটিল।	২। ব্যবহার তুলনামূলক সহজ।
৩। কারিগরিভাবে অসম্ভব পদ্ধতি।	৩। কারিগরিভাবে সম্ভব পদ্ধতি।
৪। উদাহরণ- ওয়াকিটকি।	৪। উদাহরণ- টেলিফোন, মোবাইল।

❖ ডেটা কমিউনিকেশন মাধ্যম কাকে বলে?  
 উঃ প্রেরকের কম্পিউটারের সাথে প্রাপকের কম্পিউটারের যোগাযোগ করার জন্য যে ট্রান্সমিশন মাধ্যম ব্যবহার করা হয় তাকে কমিউনিকেশন মাধ্যম বা Channel বা Media বলে।  
 ❖ ডেটা কমিউনিকেশন মাধ্যম কত প্রকার ও কী কী?  
 উঃ ডেটা কমিউনিকেশন মাধ্যম ২ প্রকার যথাঃ-  
 ক) তার মাধ্যম (Wire Media)।  
 খ) তারবিহীন বা বেতার মাধ্যম (Wireless Media)  
 ক) তার মাধ্যমঃ- যে সকল তারের মাধ্যমে একাধিক

ডিভাইসের মধ্যে ডেটা আদান-প্রদান তথা যোগাযোগ করার পদ্ধতিকে তার মাধ্যম বা ওয়্যার কমিউনিকেশন সিস্টেম বলে।

যেমনঃ কো-এক্সিয়াল ক্যাবল, টুইস্টেড পেয়ার ক্যাবল, ফাইবার অপটিক ক্যাবল।

**খ) তারবিহীন মাধ্যমঃ** যে সকল ডেটা কোন প্রকার তার ব্যবহার না করে একাধিক ডিভাইসের মধ্যে ডেটা আদানপ্রদান তথা যোগাযোগ করার পদ্ধতিকে তারবিহীন বা ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেম বলে। যেমনঃ বেতার তরঙ্গ, মাইক্রোওয়েভ, ইনফ্রারেড, ওয়াইফাই, ওয়াই-মেক্স ইত্যাদি।

☛ ক্যাবল মাধ্যম বা ডরথব গবফরধ কত প্রকার কী কী?

উঃ ক্যাবল মাধ্যম নেটওয়ার্ক ৩ প্রকার

যথাঃ-

ক) কো-এক্সিয়াল ক্যাবল।

খ) টুইস্টেড পেয়ার ক্যাবল।

গ) ফাইবার অপটিক ক্যাবল।

**ক) কো-এক্সিয়াল ক্যাবলঃ** এটি এক ধরনের তামার তৈরি তার। এটি অপরিবাহী পদার্থের আবরণে ঢাকা দুটি সুপরিবাহী পদার্থ দিয়ে তৈরি করা হয়। এ ক্যাবলের কেন্দ্র দিয়ে থাকে একটি সলিড কপার তার এবং তারকে ঘিরে জড়ানো থাকে প্লাস্টিক ফোমের ইনস্যুলেশন। ইনস্যুলেশন ফোমে চারপাশ জাল বা নেট আকৃতির তার দ্বারা জড়ানো থাকে এবং বাইরে প্লাস্টিকের জ্যাকেট দিয়ে ঢাকা থাকে। এটি ১ কি.মি. পর্যন্ত দূরত্বের ডিজিটাল ডেটা প্রেরন করে। এর ডেটা ট্রান্সফার রেট 200Mbps পর্যন্ত হতে পারে।

**খ) টুইস্টেড পেয়ার ক্যাবলঃ** এ ক্যাবলে দুইটি কপার তার থাকে এবং তার দুইটিকে পৃথক রাখার জন্য মধ্যখানে অপরিবাহী পদার্থ ব্যবহার করা হয়। অর্থাৎ একজোড়া পরিবাহী তারকে পরস্পরের সাথে পেঁচিয়ে এই ক্যাবল তৈরি করা হয়।

এটি ওয়াল্ড ওয়াইড ডেটা প্রেরন করতে পারে। এর ডেটা ট্রান্সফার রেট 1Gbps পর্যন্ত হতে পারে।

**গ) ফাইবার অপটিক ক্যাবলঃ** ফাইবার অপটিক ক্যাবল হলো আলোকরশ্মি পরিবাহী স্বচ্ছ তার যা সিলিকা ও মাল্টিকম্পোনেন্ট কাচ দিয়ে তৈরি। এই ক্যাবলে সবচেয়ে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো লাইট সিগন্যাল ট্রান্সমিট করা। এটি 1Gbps এর চাইতে বেশি রেটে ডেটা পাঠাতে পারে।

☛ কো-এক্সিয়াল ক্যাবল কত প্রকার ও কী কী?

উঃ কো-এক্সিয়াল ক্যাবল ২ প্রকার

যথাঃ-

ক) থিন নেট (Thin net)

খ) থিক নেট (Thick net)

☛ টুইস্টেড পেয়ার ক্যাবল কত প্রকার ও কী কী?

উঃ টুইস্টেড পেয়ার ক্যাবল ২ প্রকার

যথাঃ-

ক) আবরণহীন টুইস্টেড পেয়ার ক্যাবল

খ) আবরণযুক্ত টুইস্টেড পেয়ার ক্যাবল

☛ থিকনেট ও থিননেট এর মধ্যে পার্থক্য লিখ।

থিকনেট	থিননেট
১। থিন কো-এক্সিয়াল ক্যাবল ব্যবহার করে যে নেটওয়ার্ক গড়ে উঠে তাকে থিকনেট বলে।	১। থিক কো-এক্সিয়াল ক্যাবল ব্যবহার করে যে নেটওয়ার্ক গড়ে উঠে তাকে থিননেট বলে।
২। থিন কো-এক্সিয়াল ক্যাবলের ব্যাস ০.২৫ ইঞ্চি।	২। থিক কো-এক্সিয়াল ক্যাবলের ব্যাস ০.৫ ইঞ্চি।
৩। কোনো প্রকার রিপিটার ছাড়া এটি ১৮৫ মিটার পর্যন্ত ব্যবহার করা যায়।	৩। কোনো প্রকার রিপিটার ছাড়া এটি ৫০০ মিটার পর্যন্ত ব্যবহার করা যায়।
৪। এ ধরনের নেটওয়ার্ককে	৪। এ ধরনের নেটওয়ার্ককে

১০ বেজ ২ নেটওয়ার্কও বলা হয়।	১০ বেজ ৫ নেটওয়ার্কও বলা হয়।
----------------------------------	----------------------------------

❖ রেডিও ওয়েভ কী ও এর আবিষ্কারক কে ?

উঃ 10 KHz থেকে 1 GHz মধ্যে সীমিত তড়িৎ চুম্বকীয় তরঙ্গ কে রেডিও ওয়েভ বলে। এটি হলো এক ধরনের ওয়্যারলেস ট্রান্সমিশন মিডিয়া, যা রেডিও ফ্রিকুয়েন্সি সিগন্যালের মাধ্যমে ডেটা ট্রান্সমিট করে। এর ব্যান্ড উইথ 24 Kbps। এটি ১৮৬৭ সালে স্কটিস গণিতবিদ James Clerk Maxwell প্রথম এটি আবিষ্কার করেন।

❖ মাইক্রোওয়েভ কী?

উঃ মাইক্রোওয়েভ হলো হাই-ফ্রিকুয়েন্সি রেডিও ওয়েভ। 1 GHz বা তার বেশি ফ্রিকুয়েন্সিতে পাঠানো বিদ্যুৎ চুম্বকীয় তরঙ্গকে বলা হয় মাইক্রোওয়েভ। মাইক্রোওয়েভ সিস্টেম মূলত ২ প্রকার যথাঃ-

ক) সিগন্যাল ট্রান্সমিট।

খ) রিসিভ ট্রান্সমিট।

❖ ইনফ্রারেড (Infrared) কী?

